চিকিৎসক (OPD) সংক্রান্ত খোঁজ-খবর
বিনামূল্যে
mediguide.in
অসুস্থতায় দিশেহারার দিন শেষ।

সরকারী

আমার শহর

অপ্রতিদ্বন্দ্বী পাক্ষিক ফ্রি শিটার

খোঁজ
www.khonj.live
ভিজিট করুন, আর পেয়ে যান
সব কিছু ... নিমেষে।

০৮ / ৫৮৩ aamaarshahor.com

মালদা ২ ভাদ্র, ১৪৩২ মঙ্গলবার, ১৯ আগস্ট, ২০২৫ ২৩ বর্ষ ১০ম সংখ্যা বিনামূল্যে বিতরণের জন্য ৪ পাতা

বিজ্ঞাপন বিভাগ ঃ 9233 44 45 46

গবেষণা, প্রযুক্তি ও শিল্প ক্ষেত্রে

‘জীবন গড়ে দেয়’

ফিজিক্সে এমএসসি কোর্স

পদার্থবিদ্যায় স্নাতকোত্তর ডিগ্রি সাধারণতঃ দু’বছরের একটি প্রোগ্রাম এবং এর মাধ্যমে পদার্থবিদ্যার উন্নত ধারণা ও ঘুমোতে যাওয়া পর্যন্ত প্রায় সব ক্ষেত্রেই পদার্থবিদ্যার অবদান অনস্বীকার্য। ইলেকট্রনিক্স, মহাকাশ গবেষণা, এসআইএনপি-র ও মতো প্রতিষ্ঠানে সরাসরি রিসার্চেরও প্রবেশের সুযোগ রয়েছে।

✦ এম টেক মেটিরিয়ালস সায়েন্স, জিওফিজিক্স, ন্যানোটেকনোলজি ইত্যাদি ক্ষেত্রে অ্যাপ্লায়েড পড়াশোনা।

বিদেশে পড়াশোনা

জিআরই ও টিওইএফএল বা আইইএলটিএস-এর মাধ্যমে বিদেশী বিশ্ববিদ্যালয়ে পিএইচডি অথবা মাস্টার্স প্রোগ্রাম।

কেরিয়ারে সুযোগ

এমএসসি ফিজিক্স ডিগ্রি অর্জনের পর ছাত্রছাত্রীদের জন্য উন্মুক্ত থাকে নানা রকম পেশাগত পথ।

গবেষণা ও উন্নয়ন ইসরো, ডিআরডিও, ভাবা অ্যাটমিক রিসার্চ সেন্টার (বার্ক), ভিইসিস, সাহা ইনস্টিটিউট, আইজিসিএআর-এর মতো আন্তর্জাতিক সংস্থায় গবেষণার সুযোগ।

✦ শিক্ষা ও অ্যাকাডেমিয়া স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা ।

✦ সরকারি চাকরি (এরপর ২-এর পাতায়)

গবেষণা সম্পর্কে বিস্তারিত জ্ঞান লাভ করা যায়। এই ডিগ্রিটি বিজ্ঞান, প্রযুক্তি, ইঞ্জিনিয়ারিং সব ক্ষেত্রেই সম্ভাবনাময় কর্মজীবনের অনেক সুযোগ তৈরি করে। পদার্থবিদ্যায় এমএসসি করলে এআই, মেশিন লার্নিং নিয়ে পড়ারও সুযোগ রয়েছে।

বর্তমান যুগে বিজ্ঞান ও প্রযুক্তির অগ্রগতির সঙ্গে তাল মিলিয়ে উচ্চশিক্ষায় পদার্থবিদ্যা (ফিজিক্স) এমনি একটি গুরুত্বপূর্ণ বিষয় যার চাহিদা দিন দিন বাড়ছে। আমাদের দৈনন্দিন জীবনে সকালে ঘুম থেকে ওঠা থেকে রাতে চিকিৎসাবিজ্ঞান, ডেটা প্রযুক্তি, পরিবহন, যন্ত্রচালিত মোটর নির্ভর কাজকর্ম, শিল্প সংস্থায় উৎপাদন সবই পদার্থবিদ্যা নির্ভর।

সম্ভাবনাময় কোর্স

যারা পদার্থের মৌলিক নীতিগুলি গভীরভাবে বুঝতে ও বাস্তবে প্রয়োগ করতে চান, তাদের জন্য এমএসসি ফিজিক্স একটি উপযুক্ত ও সম্ভাবনাময় কোর্স।

এই কোর্স শুধু অ্যাকাডেমিক উন্নতির পথ খুলে দেয় না, পাশাপাশি গবেষণা, প্রযুক্তি ও শিল্পক্ষেত্রে বিস্তৃত কর্মজীবনের প্রচুর সুযোগও তৈরি করে। এই প্রতিবেদনে এমএসসি ফিজিক্সে ভর্তি হতে কী যোগ্যতা লাগে, কী থাকে পাঠ্যক্রমে, এরপর উচ্চশিক্ষার কী সুযোগ আছে, এবং পেশাগত জীবনে কী ধরনের কেরিয়ার তৈরি করা যায়, তারই বিস্তারিত আলোচনা করা হলো।

যোগ্যতা

ভারতে এমএসসি ফিজিক্সে ভর্তির জন্য প্রার্থীর অবশ্যই স্নাতক স্তরে বা সমমানের ডিগ্রি কোর্সে ফিজিক্সে ৫০-৬০ শতাংশ নম্বর থাকা আবশ্যক। দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় এবং প্রতিষ্ঠানে ভর্তি প্রক্রিয়া আলাদা হতে পারে। যেমন, আইআইটি জেএমম (এমএসসি’র জয়েন্ট অ্যাডমিশন টেস্ট), কেন্দ্রীয় বিশ্ব-বিদ্যালয়গুলোর জন্য সিইউটি-পিজি, রাজধানীর একটি বিশ্ববিদ্যালয়ের নিজস্ব পরীক্ষা ডিইউটি। তবে অনেক রাজ্য বিশ্ববিদ্যালয় ও স্বতন্ত্র প্রতিষ্ঠান মেধা তালিকা বা নিজস্ব পরীক্ষার মাধ্যমে ভর্তি গ্রহণ করে।

সিলেবাস

এমএসসি ফিজিক্স সাধারণতঃ একটি দুই বছরের কোর্স যা চারটি সেমিস্টারে বিভক্ত। এতে থাকে তাত্ত্বিক ও প্রায়োগিক বিষয়ের সমন্বয়। মূল পাঠ্যসূচির মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে, কোয়ান্টাম মেকানিক্স, ইলেকট্রোডায়-নামিক্স, ক্লাসিক্যাল মেকানিক্স, স্ট্যাটিস্টিক্যাল ফিজিক্স, নিউক্লিয়ার ও পার্টিকেল ফিজিক্স, কন্ডেন্সড ম্যাটার ফিজিক্স, অপটিক্স, লেজার ও সলিড স্টেট ফিজিক্স। সঙ্গে প্রায়োগিক ল্যাব ও একটি রিসার্চ প্রজেক্ট থাকে — যা গবেষণার দিকে আগ্রহীদের প্রস্তুত করে।

উচ্চশিক্ষার সুযোগ

এমএসসি’র পর উচ্চশিক্ষার একাধিক সুযোগ রয়েছে —

✦ পিএইচডি তাত্ত্বিক গবেষণার জন্য। এই ক্ষেত্রে সিএসআইআরএনইটি, জিএটিই, জেইএসটি ইত্যাদি পরীক্ষায় উত্তীর্ণ হওয়া জরুরি।

✦ ইন্টিগ্রেটেড পিএইচডি প্রোগ্রাম আইআইএসসি, টিআইএফআর,

দেখছি যেমন আরশিতে

ঘাসে মুখ দিয়েই চলি

জোর করে আকাশের ছবি মেলে ধরলেও
কারও কাছে তা হয়ত সাময়িক বাথটব,
হৃদয়ের সব দিয়ে হিমালয় গড়লেও
ভালোলাগা ভালোবাসা ভেতরের অনুভব।
মানিব্যাগে রোদ পড়ে, চাঁদরাতে মেঘস্নান,
দরজায় নাড়া দিতে আজীবন নাজেহাল;
ডুমুরের ফুল খুঁজে মৌমাছি হয়রান—
মনে সায় না-মিললে মিঠে কথা লাগে ঝাল।

সব জল হয়ে যায়

সব জল হয়ে যায়— জমে থাকা অভিমান,
লাল গোলাপের বৃতি, আড্ডার গালিগালাজ,
ভাঙা সম্পর্কের ছাদ— মেরামত অভিধান,
বাসররাতের কোলে রজনীগন্ধার সাজ।
নোবেল বা অলিম্পিকে পদকজয়ের স্মৃতি,
আগুন পাহাড়ে বসে সগর্বে দু-পা নাচায়,
কৃত্রিম বরফে ঢাকা চুরির আলেখ্যগীতি,
কালস্রোতে একদিন সব জল হয়ে যায়।

— ড. গৌরাঙ্গদেব ভার্মা

Hyper Link সহ
Digital
V
Card
এখন মাত্র 300 টাকায়।
(আজীবন বারবার ব্যবহারযোগ্য)
(কার্ডে আপনার পছন্দমতো
3 টি Field Active থাকবে।)
9233 44 45 46

হেল্‌থ গাইড

বেশী বয়সে

মা হওয়ার ঝুঁকি এড়াতে

মা হতে দেরি! এটা নিয়ে সমাজ, পরিবার, পরিজন কেউই বলতে ছাড়ে না। চাপ আসে সব দিক থেকে। কিন্তু যিনি মা হবেন, তাঁর সব দিকে সামলে বয়সটা গিয়ে দাঁড়ায় ত্রিশের শেষে বা চল্লিশের দোরগোড়ায়। এটাই এখন সর্বোপরি প্রবণতা। সমাধান দিলেন শহরের আইভিএফ বিশেষজ্ঞ।

বর্তমানে কেরিয়ার, চাকরি, অর্থনৈতিক স্থিতাবস্থা, বিয়ে সমস্ত কিছু সামলে মা হওয়ার পরিকল্পনা করতে দেরি শুধু বিদেশে নয়, এদেশ তথা এরাজ্যের মহিলাদেরও এই প্রবণতা দেখা যাচ্ছে।

এমনিতে সন্তান ধারণের স্বাভাবিক বয়স ২০ থেকে ৩০ এর মধ্যে। এই বয়সে মহিলাদের ফার্টলিটি বা উর্বরতা ভাল থাকে। তবে বর্তমানে এই বয়সের গন্ডি পেরিয়ে মা হওয়ার বয়স দাঁড়াচ্ছে ৩৭, ৩৮, ৩৯... কখনও ৪০ পেরিয়েও মা হচ্ছেন।

তবে এমন ঘটনাতো অস্বাভাবিক কিছু নয়। লেট থার্টিতে মা হওয়া মানেই তা জটিলতার, সবসময় তা নয়। তাই কিছু বিষয় আগে থেকে মাথায় রাখা খুব জরুরি।

দেরি হলে কী কী ঝুঁকি?

মহিলাদের শরীরে ডিম্বাণুর সংখ্যা একটা নির্দিষ্ট পরিমাণে রয়েছে। বয়স ত্রিশ পেরলেই এই স্বাস্থ্যকর ডিম্বাণুর সংখ্যা কমতে শুরু করে। ৩৫ পেরলে সেটা আরও দুর্বল হতে থাকে। ফলে মিসক্যারেজের প্রবণতা বাড়ে, সন্তান বা ভ্রূণের শারীরিক নানা জটিলতা প্রকাশ পায়। মায়ের নানা শারীরিক ঝুঁকি দেখা দিতে পারে।

কৃত্রিম উপায়ে

উসাইড প্রিজারভেশন বা এগ ফ্রিজিং এক্ষেত্রে আগে থেকে বা কম বয়সে এগ ফ্রিজিং করে রাখলে দেরিতে মা হতে গেলেও জটিলতার প্রবণতা অনেকটাই কম থাকে। এতে করে বিশেষ পদ্ধতিতে ডিম্বাণু শরীর থেকে সংগ্রহ করে সংরক্ষণ করা হয়। যতদিন ইচ্ছা সংরক্ষণ করে রাখা যায় ডিম্বাণু। ৩০-৩২ বছর বয়সে ডিম্বাণু সংগ্রহ করে রেখে ৩৮-৩৯-এ গিয়ে তা তার পরেও মা হওয়া যায়। বর্তমানে অনেকেই এই পথে হাঁটছেন। তবে সেক্ষেত্রে আইভিএফ পদ্ধতিতে সন্তানধারণ করতে হয় অনেক সময় পুরুষদের শুক্রাণুর মান খারাপ হলেও, সেক্ষেত্রে এমব্রায়ো বা ভ্রূণকেও ফ্রিজিং করে রেখে পরবর্তী সময়ে মা হওয়া যেতে পারে। বর্তমানে এই ফ্রিজিং পদ্ধতির খরচ খুব একটা ব্যয়বহুলও নয়।

দেরিতে সিদ্ধান্ত নেওয়ার আগে

এমএইচ টেস্ট - এটি একটি সাধারণ ব্লাড টেস্ট। যেটা করে বোঝা যায় মহিলার কতগুলি ডিম অবশিষ্ট রয়েছে ও মা হওয়া সম্ভব কিনা। যাঁরা দেরিতে মা হওয়ার সিদ্ধান্ত নিতে চান তাঁদের এই টেস্ট করে আগে দেখে নেওয়া উচিত। এতে উসাইডের কোয়ালিটি আগাম জানা সম্ভব।

❖ **আল্ট্রাসাউন্ড (এএফসি) ঃ** অ্যান্ট্রাল ফলিকল কাউন্ট করেও বোঝা যায় জরায়ুর অবস্থা ও ডিম্বাণুর গুণগতমান।

❖ **ওজন নিয়ন্ত্রণ ঃ** স্থূলতা সন্তান ধারণের পথে বড় বাধা। বিশেষ করে বয়সকালে মা হতে গেলে সর্বপ্রথম ওজন নিয়ন্ত্রণে রাখা খুব দরকার। তাহলে অন্যান্য লাইফস্টাইল ডিজিজ যেমন ডায়াবেটিস, রক্তচাপ এগুলোকেও প্রতিরোধ করা সম্ভব।

❖ **মানসিক শান্তি ঃ** মানসিকভাবে উৎফুল্ল থাকলে শরীরের সমস্ত ক্রিয়াকলাপই ভাল হয়। এমনকী জরায়ুর কার্যক্ষমতাও ঠিক থাকে। সন্তানধারণের পথে জটিলতা প্রতিহত করা যায়। প্রয়োজনে স্ট্রেস কাটাতে কাউন্সেলিং করানো দরকার। এছাড়া যোগ ব্যায়াম, প্রাণায়াম করা দরকার। নিয়মিত মর্নিং ওয়াক করা দরকার। আর ভাল ঘুম ও নিয়মিত জল খাওয়া খুব দরকার।

❖ **এনআইপিটি টেস্ট ঃ** ৪০-এর দোর-গোড়ায় মা হতে গেলে রক্তের এনআইপিটি টেস্ট করে নেওয়া দরকার। তাতেই ৯৯ শতাংশ বলে দেওয়া যায়, শিশুর ডাউন সিন্ড্রোম হতে পারে কি না।

❖ **থ্যালাসেমিয়া টেস্ট ঃ** সন্তানধারণের আগে দেখে নিতে হবে যেন মা ও বাবা দু’জনেই থ্যালাসেমিয়ার বাহক না হন। তাহলে সন্তান থ্যালাসেমিয়ার আক্রান্ত হতে পারেন।

এগুলো পাশাপাশি সন্তানধারণের আগে চিকিৎসকের সর্বোপরি পরামর্শ খুব জরুরি।

টেস্ট ছাড়া এগ কোয়ালিটি খারাপ বুঝবেন কী করে?

সাধারণতঃ ঋতুচক্রের পরিবর্তন এই সমস্যার পূর্বাভাস দেয়। যদি দেখা যায় ২৮-৩০ দিনের মিনস্টুরাল সাইকেল হঠাৎ করেই কমে গিয়ে ২০-২১ দিনে হচ্ছে, মাসিকের পরিমাণের হঠাৎ পরিবর্তন বা কমে যাওয়ার লক্ষণ থাকলে বুঝতে হবে এগ কোয়ালিটি বা ডিম্বাণুর পরিমান কমছে।

তাই সর্বদিক বিচার করে কবে মা হবেন সেই সিদ্ধান্ত নিন। আগাম কোনও শারীরিক জটিলতা থাকলে বেশি সতর্ক হওয়ার প্রয়োজন আছে।

নেক্সট-জেন স্মার্ট কোর্স রিমোট সেন্সিং, জিওইনফরমেটিক্স

জিওইনফরমেটিক্স পড়াশোনার জগতে একটি অত্যন্ত স্মার্ট এবং নেক্সট জেনারেশন কোর্স, যা ভূগোল, কম্পিউটার সায়েন্স ও ডেটা অ্যাক্স নালেসিসকে একত্রিত করে নানা ধরনের চ্যালেঞ্জের মোকাবিলায় সহায়তা করে। আগামী দিনে কেরিয়ারকে বহুমুখী করে তুলতে, কর্মসংস্থান নিশ্চিত করতে এই কোর্সের জুড়ি নেই।

জিওইনফরমেটিক্স-এ এমএসসি কী?

এমএসসি জিওইনফরমেটিক্স একটি স্নাতকোত্তর প্রোগ্রাম যা ভূতাত্ত্বিক তথ্য ব্যবস্থা, রিমোট সেন্সিং, গ্লোবাল নেভিগেশন স্যাটেলাইট সিস্টেম এবং ডেটা বিশ্লেষণের ওপর ফোকাস করে। এই ইন্টারডিসিপ্লিনারি প্রোগ্রাম পড়ুয়াদের প্রযুক্তিগত ভাবে দক্ষ করে তোলে, যাতে তারা পরিবেশ পর্যবেক্ষণ, শহর পরিকল্পনা এবং দুর্যোগ ব্যবস্থাপনার মতো ক্ষেত্রে নানা ধরনের তথ্য বিশ্লেষণ ও প্রয়োগ করতে পারে। এই কোর্সের চাহিদা সারা বিশ্বেই বাড়ছে। রইল তারই সুলুক সন্ধান।

শিক্ষাগত যোগ্যতা

❖ বিজ্ঞানের যে কোনও শাখা, ইঞ্জিনিয়ারিং, ভূগোল, কম্পিউটার সায়েন্স, ভূতত্ত্ব বা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রি।

❖ কিছু প্রতিষ্ঠান বা কম্পিউটার সায়েন্স পড়েছেন এমন শাখার পড়ুয়াদেরও ভর্তি নেয়।

ন্যূনতম নম্বর (এরপর ২-এর পাতায়)

জীবনসঙ্গী নির্বাচন করবেন কিভাবে?

বিয়ে হল জীবনের একটা বড় সিদ্ধান্ত। চিন্তাভাবনা ছাড়া হটকারীভাবে এই সিদ্ধান্ত কখনই নেওয়া যায় না বা নেওয়া উচিৎ না। সেই ভাবনায় সাহায্য করার জন্য এখানে ২২ টি নির্দিষ্ট গুণের কথা আলোচনা করা হল, যেগুলি থাকলে আপনি তাকে বিয়ে করতে পারেন।

আপনার বিশ্বাস এবং মূলকে সম্মান করবে সেই ব্যক্তি যাকে আপনি বিয়ে করতে চলেছেন তাকে আপনার যে কোনও কথা মেনে নিতে হবে এমনটা নয়, তবে একে অপরের ভাবনাকে সবসময় সম্মান জানানো উচিৎ। যাকে আপনি সম্মান করেন না তাকে আপনি ভালোবাসবেন কি করে ? এটা কখনই সম্ভব না।

ব্যক্তিত্বের বিকাশে সাহায্য করবে

যাকে আপনি বিয়ে করতে যাচ্ছেন তিনি যেন অবশ্যই সবদিকে আপনাকে আরও উন্নত করে তোলেন। তার মানে এই নয় যে তিনি আপনাকে কখনই বলবেন না আপনি ঠিকঠাক নন, বা কোনওভাবে ছোটো খাটো অপমান করবে। আপনাকে সম্পূর্ণভাবে না বুঝলে বা সম্পূর্ণরূপে গ্রহণ না করলে আপনাকে আরও এগিয়ে যেতে সাহায্য করা তার পক্ষে সম্ভব হবে না। জীবনের প্রতিটা ক্ষেত্রে আপনাকে নতুন চ্যালেঞ্জ দেবে প্রতিটা পদক্ষেপে আপনাকে আরও এগিয়ে যাওয়ার জন্য।

একে অপরের প্রতি বিশ্বাস থাকতে হবে (এরপর ৩-এর পাতায়)

মালদা জেলা থেকে সূর্য্যোদয় ও সূর্যাস্তের সময়সূচী

আগস্ট — ২০২৫

তারিখ	সূর্য্যোদয়	সূর্যাস্ত
17.08.2025	05:12 ↑ (115°)	18:10 ↑ (245°)
18.08.2025	05:12 ↑ (115°)	18:09 ↑ (245°)
19.08.2025	05:13 ↑ (115°)	18:08 ↑ (245°)
20.08.2025	05:13 ↑ (115°)	18:07 ↑ (245°)
21.08.2025	05:13 ↑ (115°)	18:06 ↑ (245°)
22.08.2025	05:14 ↑ (115°)	18:05 ↑ (245°)
23.08.2025	05:14 ↑ (115°)	18:05 ↑ (245°)
24.08.2025	05:15 ↑ (115°)	18:04 ↑ (245°)
25.08.2025	05:15 ↑ (115°)	18:03 ↑ (245°)
26.08.2025	05:16 ↑ (115°)	18:02 ↑ (245°)
27.08.2025	05:16 ↑ (115°)	18:01 ↑ (245°)
28.08.2025	05:17 ↑ (115°)	18:00 ↑ (245°)
29.08.2025	05:17 ↑ (115°)	17:59 ↑ (245°)
30.08.2025	05:17 ↑ (115°)	17:58 ↑ (245°)
31.08.2025	05:17 ↑ (115°)	17:57 ↑ (245°)
01.09.2025	05:18 ↑ (115°)	17:56 ↑ (245°)
02.09.2025	05:18 ↑ (115°)	17:55 ↑ (245°)
03.09.2025	05:19 ↑ (115°)	17:54 ↑ (245°)
04.09.2025	05:19 ↑ (115°)	17:53 ↑ (245°)

যে কোনো দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন দিতে 977 5454 577

বার্থ সার্টিফিকেট | ড্রাইভিং লাইসেন্স | পাসপোর্ট
এডুকেশনাল সার্টিফিকেট | পলিসি সার্টিফিকেট | রেজিস্ট্রি ডিড
চাকুরী সংক্রান্ত কাগজপত্র

এফিডেফিটের মাধ্যমে নামের বানান সংশোধনের বিজ্ঞপ্তি সংবাদপত্রে ঘোষণা করুন।

পরামর্শ ও সহযোগিতা ঃ মাস মিডিয়া # 9233 44 45 46

সমস্ত সরকারী কাগজপত্রে নামের বানান সঠিক আছে তো ?

পাত্র চাই

● ব্রাহ্মণ 27+/5′4′′ H.S., শ্যামবর্ণা, NVF-এ কর্মরতা, শহরে নিজ বাড়ি। উপযুক্ত সুপাত্র চাই। M - 6296001949. HUF-1663

● মাহিষ্য 26+/5′ B.A. (H), M.A., D.El.Ed পাশ ও টেট্ পাশ পাত্রীর জন্য সঃ চাকুরে / প্রতিষ্ঠিত ব্যবসায়ী সুপাত্র কাম্য। M - 8371036019. HUF-1639

● হরিশ্চন্দ্রপুর নিবাসী মাহিষ্য 28/5′5′′ M.A. (Eng. Hons) পাত্রীর জন্য সরকারী চাকুরে পাত্র কাম্য। M - 8918062940. OL-3786

● Gen. দাস 34/5′3′′ M.A., B.Ed, ফর্সা, সুশ্রী, ডিভোর্সী পাত্রীর জন্য উপযুক্ত সুপাত্র চাই। M - 8927944491. OL-3772

● বসাক (দাস) 27/5′2′′ B.Sc., Fashion Designing, ফর্সা, সুশ্রী, প্রতিষ্ঠিত পরিবারের পাত্রীর জন্য উপযুক্ত সুপাত্র কাম্য। SC / ST বাদে। ঘটক বা ম্যাট্রিমনি নিষ্প্রয়োজন। M - 8250756504. HUF-1660

কায়স্থ 26/5′1′′ GNM Pass, ভালুকা হসপিটালে সিনিয়ার নার্স, সুশ্রী পাত্রীর জন্য সরকারী চাকুরে সুপাত্র কাম্য। M - 83482 58621. HUF-1642

কর্মকার 26+/5′6′′ Retd. H.S. শিক্ষকের কন্যা M.Sc. (Math.), B.Ed., ফর্সা, সুশ্রী, স্লিম। দাদা M.B.B.S. ডাক্তার, পাত্রীর জন্য ডাক্তার / অধ্যাপক / উচ্চ পদস্থ সঃ চাঃ, সম্ভ্রান্ত পরিবারের উপযুক্ত সুপাত্র কাম্য। KST-1868

M - 84365 17607

ব্রাহ্মণ, বদ্যি পাত্র চাই
ব্রাহ্মণ, বদ্যি 34 (DOB. - 28.06.91) / 5′1′′ Ph.D, সরকারী বিশ্ববিদ্যালয়ে সহকারী প্রফেসর (চুক্তিবদ্ধ), সুন্দরী (পিতা - রিটায়ার্ড ব্যাঙ্ক অফিসার) পাত্রীর সুযোগ্য, সুশিক্ষিত, ডাঃ / ইঞ্জিঃ / সঃ উচ্চ পদস্থ অফিসার, শিক্ষিত পরিবারের ব্রাহ্মণ পাত্র কাম্য। M - 96477 29849. OL-3758

পাত্র চাই

● কায়স্থ নন্দী 26+/5′4′′ ফর্সা, সুশ্রী, B.A. (Hons.), Edu., D.EL.Ed টেট পাস পাত্রীর জন্য মালদা নিবাসী সরকারী চাকুরে জেনারেল পাত্র চাই। M - 9679022756. OL-3739

● তিলি 25+/5′2′′ স্নাতক, একমাত্র কন্যা সুশ্রী, ফর্সা পাত্রীর উপযুক্ত চাকুরে / ব্যবসায়ী পাত্র কাম্য। অসবর্ণ চলিবে। M - 6297542712 / 9475935015. HUF-1516

পাত্রী চাই

● মাহিষ্য, মালদা নিবাসী 30/5′7′′ Mackintosh Burn (Govt. Sector), মালদায় Posting পাত্রের জন্য শিক্ষিতা সুপাত্রী কাম্য। M - 6289798996 / 6295400821. KST-1873

● মাহিষ্য জেনারেল কাস্ট 30/5′11′′ কলিতে ব্যাঙ্কের হেড অফিসে উচ্চ পদে কর্মরত (অফিসার, স্কেল - II), সুদর্শন পাত্রের জন্য উচ্চ শিক্ষিতা, 27/5′4′′ মধ্যে, পৈতৃক বসতবাড়ি মালদা, কলিতে কর্মরতা অবদলীযোগ্য স্থায়ী চাকুরে পাত্রী কাম্য। M - 8250153721 (রাত 9 - 10 টা)। ঘটক / বিবাহ প্রতিষ্ঠান ব্যতীত যোগাযোগ করুন। OL-3767

● বৈশ্য সাহা 40+/5′7′′ D.El.Ed, M.A., B.Ed, শ্যামবর্ণ, সঃ চাকুরী (শিক্ষক) পাত্রের জন্য ফর্সা, সুশ্রী, সভ্য, মার্জিত, কালচারাল, 28 - 33 মধ্যে যোগ্য পাত্রী কাম্য। প্রতিষ্ঠিত পাত্রী অগ্রগণ্য। M - 9775951014. HUF-1632

কায়স্থ 28/5′7′′ স্নাতক, প্রতিষ্ঠিত ব্যবসায়ী পাত্রের ফর্সা, সুন্দরী, ঘরোয়া, শিক্ষিতা (মাধ্যমিক) সুপাত্রী চাই। M - 94340 55569 / 99329 36364 (10 P.M. - 11 P.M.). HUF-1675

ঘোষ 28/5′11′′ উচ্চ মাধ্যমিক পাশ, প্রতিষ্ঠিত ব্যবসায়ী পাত্রের ঘরোয়া, ফর্সা, সুন্দরী কমপক্ষে স্নাতক সুপাত্রী কাম্য। M - 97350 68006. OL-3735

মালদা নিবাসী, মিত্র কায়স্থ, তুলা রাশি, দেবগণ 35+/5′8′′ B.Tech. ইঞ্জিনিয়ার, কলিকাতায় কর্মরত। উপযুক্ত সুপাত্রী চাই। কর্মরতা হলেও চলবে। মাঙ্গলিক পাত্রী কাম্য। M - 94744 73843 / 78722 58930. HUF-1665

পাত্রী চাই

● মালদা, কর্মকার 46/5′5′′ হাইস্কুল শিক্ষক। উপযুক্ত সুপাত্রী চাই। M - 7584911541. HUF-1662

● কায়স্থ দাস 39/5′5′′ সরকারী চাকুরীজীবি (একমাত্র পুত্র)। শিক্ষিকা / সঃ চাঃ পাত্রী কাম্য। M - 8759573703. OL-3731

● মালদা শহর নিবাসী বৈশ্য সাহা 36/5′11′′ উচ্চ প্রাথমিক শিক্ষক। অনূর্ধ্বা 30, সুন্দরী পাত্রী কাম্য। M - 9547599109. OL-3732

● পূর্ববঙ্গীয় ঘোষ 29/5′9′′ বেঃ সঃ চাকুরে, 4 Lac P.A. পাত্রের উপযুক্ত ঘোষ পাত্রী কাম্য। অসবর্ণ চলবে। M - 9434488932. OL-3734

● রায় 39+/5′5′′ হাইস্কুল শিক্ষক পাত্রের জন্য সুশ্রী, শিক্ষিতা পাত্রী কাম্য। M - 95631 14382 (সময় ঃ 6 P.M. - 10 P.M.). OL-3750

● 38, BE CIVIL, যাদবপুর বিশ্ববিদ্যালয়, দেবারি বাদে ফর্সা (উজ্জ্বল শ্যামবর্ণা বাদে) শিক্ষিতা সুপাত্রী চাই। শীঘ্রই বিবাহ। M - 8918723719. HUF-1667

● কায়স্থ দাস 30/5′9′′ B.Tech, Deloitte (কোলকাতা) কর্মরত, মালদা নিবাসী পাত্রের জন্য উপযুক্ত শিক্ষিতা পাত্রী কাম্য। M - 9933703418. HUF-1623

● মালদা নিবাসী 35/5′9′′ প্রাঃ শিক্ষক, একমাত্র পুত্র (নামমাত্র বিবাহে ডিভোর্সী) পাত্রের জন্য সুন্দরী, শিক্ষিতা, অনূর্দ্ধা 30-এর মধ্যে অবিবাহিত পাত্রী চাই। M - 70016 91323. OL-3740

● পৌন্ড্রক্ষত্রিয় (SC) 38+/5′7′′ Com. (H), MCA, WBCS Coaching করা, Eng., Med. স্কুলে কর্মরত পাত্রের ফর্সা, সুন্দরী, ঘরোয়া, 30 - 34 মধ্যে যোগ্য পাত্রী কাম্য। M - 7602221785. HUF-1624

● ঘোষ 31+/5′9′′ MSW, PG Diploma in Psychological, D.El.Ed, বর্তমানে মেডিক্যাল রিপ্রেজেনটেটিভ পাত্রের জন্য ঘরোয়া, সুন্দরী, 5′2′′ মধ্যে সুপাত্রী কাম্য। M - 7001104075. HUF-1609

● বৈশ্য সাহা, মালদা শহরে বাস, 34+/5′7′′ B.Tech. (Com. Sc.), রেল দপ্তরে Tech. Gr.-D পদে অফিসে Comp.-এ কর্মরত। মা, বাবা উভয়ে রাজ্য সরকারের Pensioner। শিক্ষিতা, সুশ্রী, গৌরবর্ণ (26 - 30 বঃ) চাকুরীরতা অগ্রগণ্যা। M - 9475309781. OTS-1725

● পৌন্ড্রক্ষত্রিয় SC, নরগণ 28+/5′8′′ মালদা শহর নিবাসী, SBI অফিসার। 25+ এর মধ্যে পাত্রী চাই। কেবলমাত্র গার্জেন যোগাযোগ করিবেন। ম্যাট্রিমনি / ঘটক বাদে। M / WA - 8637037362 (6 P.M. - 7:30 P.M.). HUF-1625

কায়স্থ 36/5′3′′ M.A., B.Ed, ডিভোর্সী, হাইস্কুল শিক্ষক পাত্রের শ্যামবর্ণা, ঘরোয়া, সুন্দরী, ডিভোর্সী (ইস্যুবিহীন) পাত্রী কাম্য। M - 98006 22272. HUF-1615

বৈশ্য দাস, মালদা 33+/5′6′′ M.A., B.Ed, নবোদয় বিদ্যালয়ে (কেন্দ্রীয় সরকার) শিক্ষক পাত্রের জন্য সুশ্রী, শিক্ষিতা, কেঃ সঃ / রাঃ সঃ চাকুরীরতা, 27 - 30 মধ্যে সুপাত্রী কাম্য। M - 97334 74387. HUF-1644

ইনভেস্টমেন্ট সার্ভিস

শেয়ার মার্কেটে নিশ্চিত লাভ চান ? BASIC TO ADVANCE SWING TRADING MENTORSHIP PROGRAMME. ONLINE MODE M - 8617 666 834. HUF-1678

ক্রয়

● সোয়া কাঠার মধ্যে ভালো অবস্থায় বাড়ী কিনতে চাই। সুভাষপল্লী অঞ্চল, সানিপার্ক। প্রকৃত ক্রেতা যোগাযোগ করুন - 98833 81344 (সকাল 10 টা - 12 টা)। HUF-1674

বিক্রয়

মালদা শহরে 2 BHK / 3 BHK রেডি ফ্ল্যাট (16 লাখ ও তদূর্ধ্ব) বিক্রয়। শিবম ইলেকট্রনিক্স। রথবাড়ি - 94340 65554. OL-3787

1 No. গভঃ কলোনীতে 5th Floor-এ 824 sq.ft.-এর 2 BHK ফ্ল্যাট সত্বর বিক্রয়। M - 89677 52300. OL-3753

1 No. গভঃ কলোনীতে 150 sq.ft.-এর একটি দোকান ঘর / গ্যারেজ সত্বর বিক্রয়। M - 77976 05869. OL-3752

ফ্ল্যাট বিক্রয় ১ নং গভঃ কলোনী (পুনশ্চ অ্যাপার্টমেন্ট) 2 BHK (2T) 762 sq.ft., Lift আছে। মূল্য 30 লাখ / Negotiable, ফোন - 97359 02008. OL-3778

ফ্ল্যাট বুকিং চলছে
অভিরামপুর 2nd লেন, বাঁধ রোড সংলগ্ন J.M.C. ক্লাব-এর রাস্তায় "HINDOL" Apartment-এ মধ্যবিত্তের ধরাছোঁয়ার মধ্যে B+G+6 Multi Storied Residential Building-এ 2 BHK 750 - 850 স্কোয়ারফিট, 3 BHK 1050 - 1150 স্কোয়ারফিট, 4 BHK 1700 - 2000 স্কোয়ারফিট ফ্ল্যাট-এর বুকিং শুরু হয়েছে। সত্বর যোগাযোগ করুন।
Car Parking Available in Basement.
WBRERA Approved.
RERA Registration No. - WBRERA/P/MAL/2025/002401.
Website : www.rera.wb.gov.in
Mobile No. 97341 02876 / 96478 01310

পুরনো / ব্যবহৃত সম্পত্তি বেচুন
পুরনো জিনিস বা যে কোন অস্থাবর সম্পত্তি বিক্রি করতে চাইলে জরুরী গাইডে বিজ্ঞাপন দিন সর্বাধিক 50 টি অক্ষর মাত্র 100 টাকার বিনিময়ে। সাথে khonj.live ওয়েবসাইটে বিনামূল্যে 30 দিনের জন্য পোস্ট করুন। WApp - 9233 44 45 46.

চিকিৎসা

পার্শ্ব প্রতিক্রিয়াহীন। স্বল্প ব্যয়ে চিকিৎসা
ডাঃ স্বরূপ সরকার
B.H.M.S., M.D. (W.B.U.H.S.), CONSULTANT HOMEOPATHIC PHYSICIAN
Ex-House Physician at M.B.H. Medical College & Hospital (Govt. of W.B.)
Ex-Lecturer at B.V.H.M.C. Sainthia, Birbhum.
চেম্বার ঃ- উত্তর সিঙ্গাতলা, তিতাস ক্লাবের কাছে, মালদা। M : 90836 16188
Mon to Sat :- 11:00 A.M. to 2:00 P.M. & 6:30 P.M. to 8:30 P.M., Sunday Closed.
বৃক্কে পাথর | হাঁপানি | মাইগ্রেন | আর্থ্রাইটিস
ফ্যাটি লিভার | ইউরিক অ্যাসিড | বিভিন্ন চর্মরোগ
জরায়ু / ডিম্বাশয়ে টিউমার | মহিলাদের জটিল রোগ
নানাবিধ পুরানো রোগ

চিকিৎসা

জ্যোতিষী (Astrologer)
তাপস কুমার ব্যানার্জী
M.A.R.P. (Kol)
দক্ষিণ সিঙ্গাতলা, মালদা টাউন হাইস্কুলের মেইন গেটের ডান দিকে
Mobile : 98320 78468 / 92326 71649

ভাড়া / লীজ

● K. J. Sanyal রোডে IDBI ব্যাঙ্কের ওপরে 4th Floor, 800 sq.ft., 2 BHK ফ্ল্যাট ভাড়া দিতে চাই। M - 8327888447. HUF-1651

কে. জে. সান্যাল রোডে (নেতাজী ক্লাবের কাছে) 1 BHK ফার্নিশড্ ফ্ল্যাট ভাড়া দিতে চাই। যোগাযোগ ঃ 89677 52300. HUF-1622

TO LET / ভাড়া
স্টেশন রোড, সর্ব্বমঙ্গলাপল্লী, জয় মেমোরিয়াল ক্লাবের গলিতে 1600 + 1600 = 3200 স্কোয়ার ফিট্, দ্বিতল বাড়ি, বাণিজ্যিক / অফিস সম্পূর্ণ বা আংশিকভাবে ভাড়া দেওয়া হবে। যোগাযোগ করুন - 79083 27838 / 86375 18969. OL-3782

Women's College Road, Malda Girl's School -এর পাশে Ground Floor & 1st Floor, 2 Bedroom with Dining, Kitchen & Bath each Floor ভাড়া দিব। Bank / Govt. Service. M - 94235 77424. OL-3744

জাগরণী বার্তা
বিনামূল্যে বিতরণ কেন্দ্র
অনলাইনে পড়ুন - aamaarshahor.com

❖ রথবাড়ী (অডিটোরিয়াম), নিউ মডেল বুক ডিপো - 98514 87741
❖ কবি সুকান্ত মোড়, রূপা ব্যান্ড বক্স - 99324 81754 ❖ এন.বি.এস.টি.সি. ডিপো সংলগ্ন, চক্রবর্তী পেপার সাপ্লায়ার - 99339 93660
❖ রাজ হোটেল মোড়, মডেল বুক ডিপো - 94342 31832 ❖ অতুল মার্কেট, মা তারা ম্যাগাজিন - 77979 19580 ❖ রামকৃষ্ণপল্লী, এসবিআই-এর কাছে, সাইবার ফিভার - 89263 09911
❖ ফুলবাড়ি, এম. কে. রোড, স্মার্ট নেট - 94346 81146
❖ মকদুমপুর, রথঘর-এর বিপরীতে, মাস মিডিয়া - 9732155526
❖ আইহো বাস স্ট্যান্ড, গীতা পুস্তকালয় - 94744 75342.

টিউশন / কোচিং

● পদস্থ ইঞ্জিনিয়ার বাড়িতে গিয়ে পলিটেক্‌নিক, সপ্তম - দ্বাদশ (সমস্ত বোর্ড) অঙ্ক করাচ্ছেন পাল স্যার। 9932239094. KST-1846

কর্মখালি

● ডাক্তারের চেম্বারে মার্কেটিং-এর জন্য অভিজ্ঞ ছেলে চাই। রায় হেল্‌থ কেয়ার, মকদুমপুর, মালদা - 9932936036. HUF-1676

জিওইনফরমেটিক্স

(প্রথম পাতার পর)

❖ স্নাতক পর্যায়ে কমপক্ষে ৫০-৫৫ শতাংশ নম্বর রাখতেই হয়। সংরক্ষিত শ্রেণির জন্য সরকারি নিয়ম অনুযায়ী ছাড় রয়েছে।

প্রবেশিকা পরীক্ষা ঃ কিছু প্রতিষ্ঠান নিজস্ব প্রবেশিকা পরীক্ষাও নেয়, আবার কিছু জাতীয় স্তরের পরীক্ষা যেমন ওঙ্কক থেকে পড়ুয়া ভর্তি করে।

সিলেবাস ঃ এই কোর্সে পড়ুয়ার রিমোট সেন্সিং, জিআইএস (জিওগ্রাফিক ইনফরমেশন সিস্টেম) ও অন্যান্য স্থানিক প্রযুক্তিগুলি নিয়ে প্রশিক্ষণ পায়। কোর্সটি দু'বছরের, চারটি সেমেষ্টারে বিভক্ত এবং এর অন্তর্ভূক্ত প্রধান বিষয়গুলো হলো ঃ-

❖ জিআইএস এবং রিমোট সেন্সিং-এর মৌলিক বিষয় ❖ স্থানিক ডেটা বিশ্লেষণ ❖ জিওস্ট্যাটিস্টিক্স ❖ ডিজিটাল ম্যাপিং এবং ফটোগ্রাফি ওঙ্কছছ এবং এর প্রয়োগ ❖ পরিবেশগত প্রভাব মূল্যায়ন।

আরও ডেভেলপিং বিষয়

জিওইনফরমেটিক্স মেশিন লার্নিং এবং কৃত্রিম বুদ্ধিমত্তা স্থানিক ডেটাবেস ব্যবস্থাপনা —

❖ ওয়েব জিআইএস এবং ক্লাউড কম্পিউটিং নগর ও আঞ্চলিক পরিকল্পনা ❖ দুর্যোগ ব্যবস্থাপনা এবং ঝুঁকি মূল্যায়ন

প্রায়োগিক প্রশিক্ষণ ঃ ❖ ফিল্ড সার্ভে ❖ জিআইএস সফটওয়্যার যেমন ArcGIS, QGIS ব্যবহার ❖ স্যাটেলাইট ইমেজ প্রসেসিং জিওস্পেশিয়াল বিশ্লেষণের জন্য Python, R প্রোগ্রামিং

গবেষণা ও প্রকল্প ঃ শেষ সেমেষ্টারে একটি গবেষণা প্রকল্প বা থিসিস আবশ্যক, যেখানে বাস্তব সমস্যাগুলি সমাধান করার ওপর কাজ করা হয়।

উচ্চশিক্ষা ঃ ❖ জিওইনফরমেটিক্স-এ পিএইচডি। এটি একটি উন্নত গবেষণা প্রোগ্রাম বা জলবায়ু পরিবর্তন, পরিবেশ বিজ্ঞান, দুর্যোগ ব্যবস্থাপনা, প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা ও নগর বিকাশের মতো নির্দিষ্ট বিষয়গুলিতে ফোকাস করে

স্নাতকোত্তর ডিপ্লোমা ঃ বিগ ডেটা অ্যানালিটিক্স, রিমোট সেন্সিং বা টেকসই উন্নয়নের সংক্ষিপ্ত মেয়াদী কোর্স।

সার্টিফিকেশন কোর্স ঃ জিআইএস, অটোক্যাড বা ডেটা ভিশুয়ালাইজেশনের মতো প্রযুক্তিগত দক্ষতা বাড়ানোর জন্য বিশেষ প্রশিক্ষণ।

কেরিয়ারে সম্ভাবনা ঃ জিওইনফরমেটিক্স পেশাজীবীদের চাহিদা দিন দিন বাড়ছে। এই কোর্স শেষ করার পর নিচের সেক্টরগুলিতে কাজের সুযোগ পাওয়া যায়।

সরকারি সংস্থায় ঃ ইসরো, জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া, ন্যাশনাল রিমোট সেন্সিং সেন্টারের মতো সংস্থায় বিশ্লেষক বা মানচিত্র বিশেষজ্ঞ হিসেবে কাজ।

❖ বেসরকারি ক্ষেত্রে আইটি ফার্ম, সিটি প্ল্যানার এবং জিআইএস সফটওয়্যার ডেভেলপমেন্ট সংস্থায় কাজ।

পরিবেশ ব্যবস্থাপনা ঃ এনজিও বা যে সব সংস্থা যারা জীববৈচিত্র্য সংরক্ষণ, জলবায়ু পরিবর্তন এবং দুর্যোগ প্রতিক্রিয়ার কাজ করে সেখানে বিশেষজ্ঞ হিসেবে কাজের সুযোগ। ❖ শিক্ষা ও গবেষণা বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা বা সরকারি প্রকল্পে গবেষণার সুযোগ।

গবেষণা, প্রযুক্তি

(প্রথম পাতার পর)

ইউপিএসসি, পিএসসি, ব্যাঙ্ক, রেল, তেল-গ্যাস, খনি, বিদ্যুৎ উৎপাদন সহ নানা ক্ষেত্রে নিয়োগ।

✦ বেসরকারি ক্ষেত্র ডেটা অ্যানালিটিক্স, সফটওয়্যার ফার্ম, টেলিকম, পরামর্শদাতা সংস্থা। ✦ স্পেশালাইজেশন মেডিক্যাল ফিজিক্স, ক্লাইমেট স্টাডিজ, নিউক্লিয়ার সেফটি, সাইবার সিকিউরিটি। ✦ ডেটা বিজ্ঞানী ডেটা বিশ্লেষণ এবং মডেলিংয়ে দক্ষতা কাজে লাগিয়ে বিভিন্ন শিল্পে ডেটা বিজ্ঞানী হিসাবে কাজ করা যেতে পারে। এখানে ডেটা থেকে মূল্যবান তথ্য বের করে এনে সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করা হয়।

চিকিৎসা পদার্থবিদ

হাসপাতালে রোগীদের রোগ নির্ণয় এবং চিকিৎসায় পদার্থবিদ্যার জ্ঞান ব্যবহার করা হয়। এখানে ক্যানসার থেরাপি, ইমেজিং টেকনোলজি ইত্যাদি ক্ষেত্রে কাজ করার সুযোগ থাকে।

✦ জ্যোতির্বিজ্ঞানী মহাকাশ এবং জ্যোতির্বিজ্ঞান নিয়ে আগ্রহী হলেন, এই ক্ষেত্রে গবেষণা করা যেতে পারে। এখানে মহাকাশ পর্যবেক্ষণ, গ্রহ-নক্ষত্রের গঠন এবং মহাকাশ গবেষণা নিয়ে কাজ করা যায়। ✦ প্রযুক্তিবিদ বিভিন্ন শিল্প কারখানায় (যেমন ইলেকট্রনিক্স, টেলিকমিউ- নিকেশন, শক্তি) প্রযুক্তিবিদ হিসাবে কাজ করা যেতে পারে।

ন্যানোটেকনোলজিস্ট

ন্যানো-স্কেলে বস্তু নিয়ে গবেষণা ও নতুন প্রযুক্তি উদ্ভাবনে কাজ করা যেতে পারে। সম্প্রতি ফিজিক্স ব্যাকগ্রাউন্ড যুক্ত প্রার্থীদের মেশিন লার্নিং ও ফিনান্স অ্যানালিটিক্সেও চাহিদা বেড়েছে। এমএসসি ফিজিক্স কেবল একটি উচ্চশিক্ষা কোর্স নয়, এটি কেরিয়ারে একাধিক ভবিষ্যতের দরজা খুলে দিতে পারে। যাঁরা বিজ্ঞানমনস্ক, বিশ্লেষণক্ষম এবং গবেষণায় আগ্রহী, তাঁদের জন্য এই কোর্স হতে পারে সমাজ ও রাষ্ট্রের প্রতি অবদান রাখার এক আদর্শ ভিত্তি। এই ডিগ্রির সামাজিক মর্যাদাও অনেক।

জয় মা কলিকাতার প্রখ্যাত জ্যোতির্বিদ
ডঃ অশোক শাস্ত্রী
দক্ষিণা মাত্র ১১০২/-
— উপস্থিত থাকছেন —
প্রতি রবি, সোম, মঙ্গল ও বুধবার
জুবলী রোড, উত্তর বালুচর, মালদা
ফোন : (০৩৫১২) ২৫৭৪৩৪
মো : ৯৫৪৭৮ ১৬৩৩৩

পরবর্তী
জাগরণী বার্তা
বিতরিত হবে 4 সেপ্টেম্বর, 2025, বৃহস্পতিবার। বিজ্ঞাপন জমা দেওয়ার শেষ তারিখ 29 আগস্ট, 2025, শুক্রবার, সন্ধ্যা 7 টার মধ্যে।

ফ্রিল্যান্সিং এবং উদ্যোগ

স্বাধীন পরামর্শদাতা হিসেবে কাজ বা জিওস্পেশিয়াল প্রযুক্তি ফার্ম শুরু করার সুযোগ।

❖ জরিপ ব্যবস্থাপক জরিপ ব্যবস্থাপক হিসেবে পরিকাঠামো নির্মাণ স্থান তত্ত্বাবধান, বিল্ডিং, ভবন, নদী বাঁধ প্রকল্পে জরিপের কাজের সঙ্গে যুক্ত থাকা, এই সংক্রান্ত মাঠ পর্যায়ের কাজ সম্পন্ন করা এবং পরিকল্পনা উপস্থাপন করা।

ফটোগ্রাফিক টেকনিসিয়ান

কার্টোগ্রাফিক বিশেষজ্ঞরা ডিজিটাল মানচিত্র তৈরি, ভূ-স্থানিক তথ্যের মতো কার্টোগ্রাফিক তথ্য তৈরি করে।

জনপ্রিয় কাজের ধরন ঃ ❖ জিআইএস বিশ্লেষক, ব্যবস্থাপক ❖ রিমোট সেন্সিং বিজ্ঞানী ❖ নগর পরিকল্পনাবিদ ❖ মানচিত্র নির্মাতা ❖ স্থানিক ডেটা বিজ্ঞানী ❖ ভূ-তাত্ত্বিক প্রকৌশলী ❖ এসআইডিএআর বিশ্লেষক ❖ পঞ্চম প্রজন্মের পেশা।

এমএসসি জিওইনফরমেটিক্স পড়ুয়াদের জন্য একটি বহুমুখী কেরিয়ারের দ্বার উন্মুক্ত করে দেয়। এটি পঞ্চম প্রজন্মের পেশা। অত্যাধুনিক বিষয় ও প্রযুক্তি নির্ভর একটি পড়াশোনা। স্থানিক তথ্যের ওপর নির্ভরতা বাড়ার কারণে এই ক্ষেত্রের পেশাদারদের চাহিদা পুরো পৃথিবীতেই ক্রমবর্ধমান। সাস্টেনেবল ডেভেলপমেন্ট, নগর পরিকল্পনা, দুর্যোগ ব্যবস্থাপনায় অবদান রাখার জন্য এই কোর্স দুর্দান্ত কেরিয়ার তৈরির একটি অপশন।

"জিওইনফরমেটিক্স কর্মসংস্থানের নিরিখে ভীষণই সম্ভাবনাময় ও দ্রুত বর্ধনশীল ক্ষেত্র। আপনি এই ক্ষেত্রে আগ্রহী হলে বিষয়টি নিয়ে পড়তে আজই আপনার প্রস্তুতি শুরু করে দিন। ভুগোল এবং প্রযুক্তির মিশ্রণে তৈরি এই সাবজেক্টে রয়েছে কাজের অনেক সুযোগ।"

বিবাহযোগ্য পাত্র-পাত্রীর অভিভাবকের কাছে আবেদন —

আপনাদের বিবাহযোগ্য ছেলে-মেয়েদের তথ্য (পূর্ণাঙ্গ প্রোফাইল) জনপ্রিয় ওয়েবসাইট **www.khonj.live**-এ বিনামূল্যে আপলোড করে রাখুন। এতে আপনাদের অতিরিক্ত খোঁজখবর পেতে সুবিধা হবে। শুধু তাই নয়, প্রোফাইলের লিঙ্ক যে কাউকে এমনকি সোস্যাল মিডিয়াতেও শেয়ার করতে পারবেন। এই পরিষেবায় প্রতিমাসে শতাধিক পরিবার উপকৃত ও সন্তুষ্ট। নিচের তথ্যগুলি যতটা সম্ভব পূরণ করে পাঠান। যতো বেশী তথ্য দিতে পারবেন, ততো বেশী রেসপন্স পাবেন।

ব্যক্তিগত তথ্য

প্রার্থীর (পাত্র / পাত্রীর) নাম* –
লিঙ্গ (পুরুষ / মহিলা) –
হোয়াটসঅ্যাপ বা কলিং নম্বর* –
ই-মেইল আইডি –
জন্মতারিখ (DOB) –
শিক্ষাগত যোগ্যতা –
উচ্চতা –
ব্লাড গ্রুপ –
রাশি –
মাঙ্গলিক / অমাঙ্গলিক –
জাতি –
গোত্র –
ধর্ম –
ওজন –
অন্যান্য যোগ্যতা –
বর্তমানে বৈবাহিক স্থিতি –
অবিবাহিত / ডিভোর্সী / বিপত্নীক / বিধবা / ডিভোর্সের জন্য অপেক্ষারত –
(যে কোন একটি অপশন বাছুন)
ঠিকানা (বাসস্থান) –
চেহারার সংক্ষিপ্ত বিবরণ –
শখ –
খাদ্যাভাস –
(আমিষাশী / নিরামিষাশী) –
পিতা-মাতার কততম সন্তান
(প্রথম / দ্বিতীয় / তৃতীয়) – একমাত্র
সাম্প্রতিক ছবি (ন্যূনতম
১ টি / সর্বাধিক ৩ টি) পাঠান –

পেশাগত তথ্য

কর্মস্থল (ঠিকানা) –
আয়ের উৎস –
(চাকুরী (স্থায়ী / চুক্তিবদ্ধ) / ব্যবসা / প্রফেশনাল / স্থায়ী সম্পত্তি বা আমানত / ঘরোয়া / অন্য কিছু)
পদ –
বার্ষিক আয় –
শিক্ষাগত / কারিগরী যোগ্যতা –
পিতামাতা / পরিবার সংক্রান্ত সংক্ষিপ্ত বিবরণ –
অন্যান্য বিষয়ে মন্তব্য (যদি জানাতে চান) –
কেমন পাত্র বা পাত্রী খুঁজছেন তা সংক্ষেপে লিখুন –

(পাত্র / পাত্রীর নাম, বাসস্থানের ঠিকানা, ছবি বা (স্টার) চিহ্নিত প্রশ্নের তথ্য যদি প্রকাশ করতে না চান সেক্ষেত্রে জানাতে হবে।

তবে তথ্যগুলি আমাদের রেকর্ডের জন্য অবশ্যই পাঠাতে হবে।

প্রত্যেক আবেদনের সাথে ফটো আইডি (যেমন - আধার, প্যান / পাসপোর্ট / ভোটার কার্ড) ও ন্যূনতম এক কপি ছবি পাঠানো বাধ্যতামূলক। স্ব-অভিভাবক পাত্র / পাত্রীরাও আবেদন করতে পারেন।

Only WhatsApp to **9233 44 45 46**
(11 A.M. to 7 P.M., except holiday).
Visit : khonj.live

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

কোনও বিজ্ঞাপন সূত্র ধরে বিজ্ঞাপন দাতার সঙ্গে যোগাযোগ করার আগে পাঠকদের যথাযথ খোঁজ খবর নিতে বলা হচ্ছে। বিজ্ঞাপন দাতাদের কোনও দাবী ও বক্তব্য বিষয়ে এই বিজ্ঞাপন ক্রোড়পত্র (ফ্রী শিটার) কোনও নিশ্চয়তা বা দায়িত্ব বহন করে না। এই ঘোষণা ভারত সরকারের স্পেশাল ক্রাইম ব্রাঞ্চের নির্দেশ অনুযায়ী ছাপা হচ্ছে।

– সম্পাদক / প্রকাশক।

স্বত্বাধিকারী অর্ণব কুমার দে কর্তৃক ক্যুইক সার্ভিস, ১১ / ১৯ জি. কে. লেন, মকদমপুর, মালদা ৭৩২১০৩ হইতে প্রকাশিত ও মুদ্রিত। সম্পাদক ঃ অর্ণব কুমার দে। মুদ্রণ সহায়তা ঃ সত্যযুগ এমপ্লয়িজ কো-অপারেটিভ ইন্ডাস্ট্রিয়াল সোসাইটি লি, কলকাতা। নির্বাচিত বিতরণ কেন্দ্রগুলি থেকে বিনামূল্যে বিতরণের জন্য। M : 977 5454 577

রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে প্রবেশনারি অফিসার পদে বিজ্ঞপ্তি প্রকাশিত

ইনস্টিটিউট অফ ব্যাঙ্কিং পার্সোনাল সিলেকশন (আইপিবিএস) একটি সরকারি নিয়োগকারী সংস্থা বা রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলিতে তরুণ প্রজন্মকে নিয়োগ করছে ও এই কাজে উৎসাহ দিচ্ছে।

'আইবিপিএস আয়োজিত প্রবেশনারি অফিসার (পিও)-২০২৫' নিয়োগ পরীক্ষার বিজ্ঞপ্তিটি ১ জুলাই, ২০২৫ তারিখে অফিসিয়াল ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে। বিজ্ঞপ্তি ও আবেদনের লিঙ্কটি আজ ২১ জুলাই, ২০২৫ পর্যন্ত সক্রিয় রয়েছে। এই বছর প্রবেশনারি অফিসার পদে ঘোষিত শূন্যপদ ৫২০৮ টি। ১১টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের অফিসার নির্বাচনের জন্য পরীক্ষাটি পরিচালিত হবে।

বেতন কাঠামো

নিয়োগের পর প্রার্থীরা মাস ইন হ্যান্ড বেতন পাবেন প্রায় ৫২ হাজার টাকা থেকে ৫৫ হাজার টাকা।

পরীক্ষার দিন

প্রিলিমিনারি পরীক্ষা ১৭, ২৩ ও ২৪ আগস্ট, ২০২৫ তারিখে অনুষ্ঠিত হবে। মেন পরীক্ষা হবে ১২ অক্টোবর ২০২৫ তারিখে।

যোগ্যতা

স্বীকৃত বিশ্বদ্যিালয় থেকে যে কোনও বিষয়ে স্নাতক ডিগ্রি থাকলেই এই পরীক্ষার জন্য আবেদন করা যায়। বয়স ২০ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। সরকারি নিয়ম অনুযায়ী বিভিন্ন শ্রেণীর প্রার্থীদের জন্য বয়সের নির্ধারিত ছাড় রয়েছে। প্রিলিমিনারি পরীক্ষায় প্রতিটি বিভাগের জন্য পৃথক পৃথক সময়সীমা নির্ধারণ করেছে। আইবিপিএস পিও পরীক্ষা এর মাধ্যমে প্রার্থীদের নিয়োগ প্রক্রিয়া একটি অনলাইন পরীক্ষা পদ্ধতির উপর ভিত্তি করে হবে। এই পরীক্ষা দুটি ভাগে হবে। টিয়ার-১ প্রিলমিনারি পরীক্ষা, টিয়ার ২ মেন পরীক্ষা। এই দুটি ধাপের পরে ইন্টারভিউ নেওয়া হবে।

প্রিলিমিনারি পরীক্ষার প্যাটার্ন

প্রিলিমিনারি পরীক্ষায় প্রতি বিভাগে ২০ মিনিট করে সময় দেওয়া হবে এবং এটি অনলাইনে অনুষ্ঠিত হবে। মোট ৩টি বিভাগ থাকবে, যেখানে মোট ১০০টি প্রশ্ন এবং সর্বোচ্চ নম্বর ১০০। নেগেটিভ মার্কিং থাকবে, প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা হবে। প্রতিটি বিভাগে ন্যূনতম কাট-অফ নম্বর পার করতে হবে, তবেই চাকরিপ্রার্থীর মেন পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাওয়া যাবে। প্রিলিমিনারি পরীক্ষার প্যাটার্ন নিচে দেওয়া হলো —

- ✦ রিজনিং - ৩৫টি প্রশ্ন, ৩৫ নম্বর, সময় ২০ মিনিট।
- ✦ কোয়ান্টিটেটিভ অ্যাপটিটিউড - ৩৫ টি প্রশ্ন, ৩৫ নম্বর, ২০ মিনিট।
- ✦ ইংরেজি ভাষা - ৩০টি প্রশ্ন, ৩০ নম্বর, সময় ২০ মিনিট।
- ✦ মোট সময় - ৬০ মিনিট।

মেন পরীক্ষার প্যাটার্ন

মেন পরীক্ষা অনলাইনে হয়। এতে মোট ৫ টি (৪+১) বিভাগ থাকে, ফুল মার্কস থাকে ২০০+২৫ নম্বর এবং মোট সময়সীমা থাকে ১৮০+৩০ মিনিট। মেন পরীক্ষায় প্রবেশনারি অফিসার পদে প্রার্থী নির্বাচনের জন্য একটি বিবরণমূলক (ডেসক্রিপটিভ) পেপার রয়েছে। মেন পরীক্ষার প্রতিটি বিভাগ নির্ধারিত ক্রমানুসারে এবং নির্ধারিত সময়ে মধ্যে শেষ করতে হয়। প্রিলিমিনারি ও মেন, উভয় পরীক্ষার 'অবজেকটিভ অংশে' ভুল উত্তর দিলে নম্বর কাটা হয়। একটি ভুল উত্তরের জন্য মোট নম্বরের এক-চতুর্থাংশ কাটা হয়। যদি কোনও প্রশ্নের মান ১ নম্বর হয়, তবে ভুল উত্তর দিলে ০.২৫ নম্বর কাটা যাবে। শুধুমাত্র অবজেকটিভ প্রশ্নের ক্ষেত্রেই এটি প্রযোজ্য, ডেসক্রিপটিভ প্রশ্নের ক্ষেত্রে প্রযোজ্য নয়।

- ✦ রিজনিং এবং কম্পিউটার দক্ষতা ৪৫টি প্রশ্ন, ৬০ নম্বর, সময় ৬০ মিনিট
- ✦ সাধারণ জ্ঞান, অর্থনীতি ও ব্যাঙ্কিং সচেতনতা ৪০ টি প্রশ্ন, ৪০ নম্বর, সময় ৩৫ মিনিট।
- ✦ ইংরেজি ভাষা ৩৫ টি প্রশ্ন, ৪০ নম্বর, সময় ৪০ মিনিট।
- ✦ তথ্য বিশ্লেষণ এবং ব্যাখ্যা ৩৫টি প্রশ্ন, ৬০ নম্বর, সময় ৪৫ মিনিট।
- ✦ ইংরেজি ভাষা (চিঠি লেখা ও রচনা) ২টি প্রশ্ন, ২৫ নম্বর, সময়সীমা ৩০ মিনিট মোট প্রশ্ন ১৫৫০২, ইংরেজি ভাষা (চিঠি লেখা এবং রচনা)
- ✦ মোট নম্বর ২০০২৫, ইংরেজি ভাষা (চিঠি লেখা ও রচনা)।
- ✦ মোট সময়কাল ৩ ঘন্টা ৩০ মিনিট, ইংরেজি ভাষা (চিঠি লেখা এবং রচনা) মেন নরীক্ষায় উত্তীর্ণদের ইন্টারভিউয়ে ডাকা হয়। ইন্টারভিউয়ে আছে ১০০ নম্বর।

ইন্টারভিউয়ে যোগ্যতা

সাধারণ চাকরিপ্রার্থীদের ন্যূনতম ৪০ শতাংশ নম্বর পেতে হবে। এসসি, এসটি, ওবিসি, প্রতিবন্ধী প্রার্থীদের ন্যূনতম ৩৫ শতাংশ নম্বর পেতে হবে। ১৫-২০ মিনিটের এই ইন্টারভিউয়ে ব্যাঙ্কের কর্মকর্তারা প্রার্থীদের ব্যক্তিগত তথ্য, ব্যাঙ্কিং, সাম্প্রতিক ঘটনা ও সাধারণ জ্ঞান সংক্রান্ত প্রশ্ন করেন। প্রার্থীকে প্রয়োজনীয় কাগজপত্রসহ, উপস্থিত থাকতে হবে। চূড়ান্ত মেধাতালিকা মেন পরীক্ষা ও ইন্টারভিউ নম্বরের ভিত্তিতে তৈরি হবে, যেখানে নম্বরের গুরুত্ব যথাক্রমে ৮০২০ অনুপাতে ধরা হবে। প্রস্তুতির জন্য সিলেবাস এবং পরীক্ষার প্যাটার্ন ভালোভাবে জেনে নিন।

জীবনসঙ্গী

(প্রথম পাতার পর)

যাকে আপনি বিয়ে করতে চলেছেন তিনি কখনই আপনার ফোন, ব্যক্তিগত ম্যাসেজ বা ব্রাউসিং হিস্ট্রি দেখতে চেষ্টা করবেন বা দেখবেন। যদি কোনও একটা নির্দিষ্ট বিষয় বলার বা জানার হয় তাহলে আপনার সামনে সোজাসুজি জিজ্ঞেস করবেন।

আপনাকে যেন ভালোবাসে

যাকে বিয়ে করতে যাচ্ছেন, তিনি যেন আপনাকে ভালোবাসেন, তিনি কেমন মানুষ চান, সেটা যেন গুরুত্বপূর্ণ না হয়, আপনি যেমনই হোন আপনাকে যেন ভালোবাসেন আপনাকে যদি তাঁর চাহিদা মতো পরিবর্তন করতে চান তাহলে সেই মানুষকে এড়িয়ে গিয়ে অন্য কোনও ভালোবাসার মানুষ খুঁজে নিন।

যারা আপনাকে সবসময় হাসিমুখে রাখতে পারে যে মানুষকে বিয়ে করতে চলেছেন তিনি যেন আপনাকে সর্বদা হাসিখুশি রাখতে পারেন এবং সম্পূর্ণ করে রাখতে পারেন। দুঃখ বা আঘাত যেন না দেন। আপনারা যেন একে অপরের মুখোমুখি হলে কোনও কারণ ছাড়াই হাসিমুখে থাকতে পারেন (একটাই কারণ আপনারা দুজনে দুজনের সঙ্গে খুশি রয়েছেন) এবং আপনার ভিতরে যে মজার বিষয়গুলি রয়েছে তা যেন সেই নির্দিষ্ট মানুষটির জন্যই থাকে।

আপনার সঙ্গে সময় কাটানোটা যেন গুরুত্বপূর্ণ কাজ হয় আপনি যাকে বিয়ে করতে চলেছেন তিনি যেন আপনাকে যথেষ্ট সময় দিতে পারেন। দেখা গিয়েছে খুব ভালো সম্পর্কগুলিও সময়ের অভাবে যা বলা ভালো অযত্নে বেশিদিন টেকানো সম্ভব হয় নি।

এই সম্পর্ক ছাড়াও একটা আলাদা জগৎ থাকা উচিত আপনি যাই করুন যেখানেই যান প্রতি পদক্ষেপেই আপনার সঙ্গে সঙ্গে তাকেও যেতে হবে এমনটা কিন্তু কখনই উচিত নয়। কারণ এই সম্পর্কের বাইরেও আপনার একটা নিজস্ব আশা, স্বপ্ন রয়েছে। তাছাড়াও দুজন মানুষ কখনই সবসময় একসঙ্গে থাকতে পারে না, একসময় বিরক্ত আসবেই। তাই দুজনের জন্যই একটু আলাদা সময় থাকা আবশ্যক।

তারা কেন আপনার প্রশংসা করছেন তা বুঝিয়ে দেবেন বিশেষ মানুষটি বিশেষ প্রয়োজন ছাড়া আপনার সম্বন্ধে কোনও ভালো কথা বলেন না এমনটা মনে হতেই পারে। তাই আগে থেকে নিশ্চিত হয়ে নিন তার জীবনে আপনি যে ভূমিকা পালন করছেন তাতে তিনি কি সত্যিই খুশি?

প্রয়োজনে আপোস করার ইচ্ছা থাকতে হবে কোনও বিতর্কের সময় একজন মানুষ ১০০ শতাংশ ঠিক বা ভুল হতে পারেন না। বিতর্কের আসল উত্তরটা মাঝামাঝি কোনও একটা জায়গায় থাকে। এমন কোন সমস্যায় তিনি যেন আপনার সঙ্গে আলোচনায় রাজি থাকেন এবং আপনার যুক্তিগ্রাহ্য মতামত মেনে নিতে রাজি থাকেন। দুজনের মতামতের মধ্যে কোনও একটা নির্দিষ্ট মতকেই মানতে হবে এমনটা নাই হতে পারে, তাই আপোস করার মানসিকতা থাকতে হবে। তারা যেন আপনার বাবা মাকে সম্মান করেন আপনি যাকে বিয়ে করতে চলেছেন তিনি আপনার পরিবারের সঙ্গে সময় কাটাতে খুব একটা আগ্রহী নাও হতে পারে (বিবাহিত পুরুষদের এ বিষয়ে প্রশ্ন করে দেখুন, শ্বশুড়বাড়িরর লোকজনদের সম্পর্কে তাদের ধারণা শুনলেই বুঝতে পারবেন কথাটা অমূলক নয়)। তবে ছুটির দিনে বা কোনও অনুষ্ঠানে আপনার পরিবারের সঙ্গে একত্রিত হলে যেন প্রত্যেককে যথাযথ সম্মান করেন সে বিষয়ে নিশ্চিত হয়ে নিন।

আপনার বিশ্বাসকে উদ্বুদ্ধ করবে আপনার জীবনসঙ্গী আপনাকে এতটাই বিশ্বাস করবেন যাতে আপনার মনে হয় আপনি অনায়াসেই তাকে সব কথা বলতে পারবেন। যদি কখনও মনে হয় আপনার অতীতের কথা বা ব্যক্তি জীবনের কিছু কথা তাকে বলা উচিত নয়, তাহলে বলব আপনি ভুল মানুষকে পছন্দ করেছেন।

ভুল-ত্রুটি স্বীকার করে নেবেন

যে কোনও বিষয়ে ভুল হতেই পারেন, তবে তা সততার সঙ্গে স্বীকার করে নিয়ে, প্রয়োজনে ক্ষমা চেয়ে নেওয়া উচিৎ। কিন্তু আপনার সঙ্গী যদি এসব ক্ষেত্রে এড়িয়ে যান, ভুল-ত্রুটি মানতে না চান, ক্ষমা চাইতে ইচ্ছুক না হন, তাহলে আপনি হয়তো ভুল মানুষের সঙ্গে পথ চলতে চলেছেন। বিবাহিত জীবনে অনেক ঝড়ঝাপ্টা আসতে পারে আপনার জীবনে।

আপনার আগ্রহাক উৎসাহ দেবে

কারও তিরস্কারের ভয়ে যদি তিনি আপনার আগ্রহকে স্বীকৃতি না দিতে চান, তাহলে তার সঙ্গে সফলভাবে দীর্ঘ পথ চলা আশা না করাই ভালো।

দুজনেই নিজেদের ভবিষ্যৎ ভাবনা আদানপ্রদান করবেন আপনি যাকে বিয়ে করতে চাইছেন তার আর আপনার জীবনের পথ চলার রাস্তাটা একই নাও হতে পারে। কিন্তু দুজনেরই দুজনকে সমানভাবে সুযোগ দেওয়া উচিৎ যাতে নিজের নিজের ক্ষেত্রে দুজনেই একসঙ্গে লক্ষ্যে পৌঁছতে পারেন। অন্যভাবে বলতে গেলে বলা যায় ধরুন আপনার সঙ্গী বিদেশ ভ্রমণে ভীষণ আগ্রহী, কিন্তু আপনি প্লেনে উঠতে খুবই ভয় পান, তাহলে সেটা সত্যিই আপনার সমস্যা।

প্রত্যাশার বিনিময়ে কিছু না দিয়ে নিঃস্বার্থভাবে দেবেন যাকে আপনি বিয়ে করতে যাচ্ছেন তাকে নিঃস্বার্থভাবে বিয়ে করছেন, তাই কোনও অনুষ্ঠানে কিছু দিলে তিনি কখনই প্রত্যাশা করতে পারেন না আপনিও তাকে কিছু ফেরৎ দেবেন।

সর্বদা প্রতিদ্বন্দ্বিতা করবেন না

তাস বা যে কোনও খেলায় জেতার পর আনন্দে নাচার অধিকার নিশ্চই আপনার পার্টনারের আছে। কিন্তু জেতার জন্য যদি প্রতি মুহূর্তে নিজেদের মধ্যে প্রতিদ্বন্দ্বিতা করেন সেটা কিন্তু কখনোই কাম্য নয়।

বিশেষ মুহূর্তে তিনি শুধু

আপনারই হবেন বিয়ের পর কে রোমান্টিক ডিনারে গিয়ে বা গাড়িতে চলতে চলতে বারবার ফোনের দিকে মন দিয়ে রোমান্টিক মুহূর্তগুলোকে নষ্ট করে দিচ্ছেন এমন কাউকে নিশ্চয়ই আপনি পছন্দ করবেন না। নিজেদের মধ্যে সময় কাটানোর সময় চোখের ভাষা যদি খুঁজে নিতে না পারেন তার বদলে অন্য কোনও কথা চিন্তা করতে থাকেন তাহলে এমন মানুষের সঙ্গে সারাটা জীবন কাটানোটা খুবই সমস্যার। যে সময়টা শুধুই আপনাদের দুজনের হতে পারে সে সময় আপনার উপস্থিতি, আপনার চোখের মায়া, আপনার নীবরতায় হয়ত অনেক কথা আছে, সেটা খুঁজে নিতে না পারলে তার সঙ্গে থাকা যায় বলে আমার তো অন্তত মনে হয় না।

নিজেদের খারাপ গুণগুলির মুখোমুখি হওয়ার স্বদিচ্ছা থাকতে হবে যাকে আপনি বিয়ে করতে চলেছেন তার কিছু গোপন বিষয় পরিচিতিদের জানা থাকতেই পারে, সেটা খুব স্বাভাবিক আমি কখনই বলব না মদ্যপানের অভ্যাস আছে বা আত্মহত্যা করার কথা চিন্তাভাবনা করেন এমন মানুষকে বিয়ে করা থেকে দূরে থাকুন। এই সমস্যাগুলোর মুখোমুখি হওয়ার ইচ্ছা না থাকলে অবশ্য অন্য কথা।

অপছন্দের অনুভূতি চেপে রেখে সম্পর্কে আঁচ ফেলবেন যদি কখনও কোনও সমস্যা তৈরি হয়, তা সরাসরি বলে দেওয়াই ভালো, যাতে দুজনে আলোচনা করে সমস্যার সমাধান করে ফেলতে পারেন। সমস্যার কথা নিজের মধ্যে চেপে রাখলে সমস্যা আরও বেড়ে যাবে। তাই আপনি এমন কাউকে বিয়ে করতে চাইবেন না যে সমস্যাগুলোকে চেপে রাখবেন।

দায়িত্ব বহন করতে সক্ষম যাকে বিয়ে করতে চলেছেন তিনি অবশ্যই একজন দায়িত্বপূর্ণ পরিণতমনস্ক মানুষ হবেন। নিশ্চয়ই একজন বেপরোয়া কিশোর হবেন না। তিনি যদি ধারে ডুবে থাকেন, বেকার হন বা বারবার টাকা রোজগার থেকে ব্যর্থ হন, তাহলে তাকে বিয়ে করার ক্ষেত্রে এটা বড় বাধা হয়ে দাড়াবে। আপনি যেমন আপনাকে তেমনভাবেই ভালোবাসবেন আপনার সঙ্গীর কারণে আপনার যেন কখনই না মনে হয় আপনি তার কাছে গ্রহণযোগ্য নন, তার জন্য আপনি সঠিক মানুষ নন। আপনার সঙ্গীর উচিত আপনাকে এই ধারণা থেকে বের হতে সাহায্য করা।

দিশারী হেলথ্ পয়েন্ট ও দিশারী পলিক্লিনিক-এর
আউটডোর চিকিৎসকদের তালিকা

PATIENT SAFETY & QUALITY OF CARE — NABH — PRE ACCREDITED
MC-2356
ISO 9001:2015 — MEMBER OF MULTILATERAL RECOGNITION ARRANGEMENT — IAF — IAS ACCREDITED

আউটডোর চিকিৎসকদের তালিকা

	দিশারী হেলথ্ পয়েন্ট	দিশারী পলিক্লিনিক
হৃদরোগ বিশেষজ্ঞ (কার্ডিওলজি)		
ডাঃ সিদ্ধার্থ ব্যানার্জী, ডি.এম. (কার্ডিও)	১ম ও ৩য় বৃহস্পতি	—
ডাঃ সুশীল কুমার, এম.বি.বি.এস., ডিপ্লোমা ইন ক্লিনিক্যাল কার্ডিওলজি	প্রতি রবিবার	—
ডাঃ শেখর দাস, এম.বি.বি.এস., এম.ডি. (মেডি.) (ডিপ্লোমা ইন ক্লিনিক্যাল কার্ডিওলজি)	সোম থেকে শনি	—
ডাঃ অরিন্দম বসাক, এম.বি.বি.এস., পি.জি.ডি.সি.সি. (কার্ডিও)	—	অনুমত্যনুসারে সাক্ষাৎ
ক্রিটিক্যাল কেয়ার স্পেশালিস্ট		
ডাঃ তাপস চক্রবর্তী, এম.ডি. (অ্যানাস্থেসিওলজি)	—	প্রতিদিন
ডাঃ ঋক সান্যাল, ডি.পি.এম., এম.ডি. (ট্রপিকাল মেডিসিন)	প্রতিদিন	—
হেপাটোলজি		
ডাঃ মহঃ আবদুল্লা হাসান, ডি.এম. (হেপাটোলজি)	বৃহঃ, শুক্র শনি	—
প্লাস্টিক সার্জারী		
ডাঃ দীপঙ্কর রায়, এম.বি.বি.এস., এম.এস. (জেনা. সার্জারী), এম.সি.এইচ. (প্লাস্টিক সার্জারী)	মঙ্গল ও বুধ	—
নাক, কান, গলা বিশেষজ্ঞ (ইএনটি)		
ডাঃ শুভজিৎ সরকার, এম.এস., ই.এন.টি.	—	সোম থেকে শনি প্রত্যেক সপ্তাহ বৃহঃ ও শুক্র বাদে
ডাঃ কৌসর আহমেদ, এম.বি.বি.এস., এম.এস. (ই.এন.টি.)	—	
লিভার ও পেটের রোগ বিশেষজ্ঞ (গ্যাসট্রোএনটেরলজি)		
প্রফেঃ (ডাঃ) ক্ষৌণিশ দাস, এম.ডি., ডি.এম. (গ্যাসট্রো)	২য় ও ৪র্থ রবি	—
ডাঃ এস. বরণ দাসচক্রবর্তী, এম.ডি., ডি.এম. (গ্যাসট্রো)	১ম ও ৩য় রবি	—
ডাঃ নিরাজ আগরওয়ালা, ডি.এম. (গ্যাসট্রো)	সোম থেকে শুক্র	—
ডাঃ চয়ন কুমার রায়, এম.ডি. (মেডি.), ডি.এন.বি. (গ্যাসট্রো)	—	২য় ও ৪র্থ বৃহস্পতি
ডাঃ সৌমিক ঘোষ, এম.ডি., পি.এইচ.ডি. (ডব্লুবিইউএইচএস)	—	অনুমত্যনুসারে সাক্ষাৎ
ডাঃ সুদীপ আড্ডি, এম.বি.বি.এস., ডি.টি.এম.এইচ. (গ্যাসট্রোএনটেরলজিস্ট) ও গ্যাসট্রো-ইনটেসটিনাল এন্ডোস্কোপিস্ট)	—	১ম বৃহস্পতিবার
স্ত্রী ও প্রসূতি রোগ (গাইনোকলজি)		
ডাঃ এস. এন. শর্মা, ডি.জি.ও., এম.ডি.	সোম থেকে বৃহস্পতি	—
ল্যাপরোস্কপি ও জেনারেল সার্জারি		
ডাঃ এম. প্রামানিক, এম.এস. (এ.আই.আই.এম.এস.)	প্রতিদিন	—
ডাঃ এ. এ. আবু আহমেদ, এম.এস. (জেনারেল সার্জারী)	—	সোম থেকে শুক্র ও রবি
ডাঃ রাজা বসাক, এম.এস. (জেনারেল সার্জারী)	—	সোম থেকে বুধ, শনি ও রবি
জি. আই. সার্জারী		
ডাঃ তুহীন শুভ্র মন্ডল, এম.এস., এম.সি.এইচ. (এ.আই.আই.এম.এস.)	প্রথম ও তৃতীয় রবিবার	—

আউটডোর চিকিৎসকদের তালিকা

	দিশারী হেলথ্ পয়েন্ট	দিশারী পলিক্লিনিক
ক্যানসার বিশেষজ্ঞ (মেডিক্যাল অনকোলজি)		
ডাঃ কাজী সাজ্জাদ মনির, এম.ডি., ডি.এন.বি. (আর.টি.)	মাসে একদিন	—
ডাঃ অর্ণব অধিকারী, এম.ডি. (আর.টি.)	মাসে তিনদিন	—
ডাঃ তন্ময় বসাক, এম.ডি. (রেডিয়েশন অনকোলজি)	বুধ ও বৃহঃ	—
কিডনি সংক্রান্ত রোগ (নেফ্রোলজি)		
ডাঃ বিস্ময় কুমার, এম.ডি., ডি.এম. (নেফ্রো)	মাসে একদিন	—
কার্ডিও ভাসকুলার এবং থোরাসিক সার্জারী		
ডাঃ জাভিদ ভেকার সাদিক, এম.বি.বি.এস., ডি.টি.এম.এন্ডএইচ., ডি.সি.এইচ., এম.এস., এম.সিএইচ. (সিটিভিএস), কনসালটেন্ট কার্ডিও ভাসকুলার এবং থোরাসিক সার্জারী	মাসে একদিন	—
স্নায়ু রোগ বিশেষজ্ঞ (নিউরো মেডিসিন)		
ডাঃ সিদ্ধার্থ শঙ্কর আনন্দ, এম.ডি., ডি.এম. (নিউরো মেডিসিন)	৩য় রবিবার	—
ডাঃ পিনাকি মাইতি, ডি.এম. (নেউরো) মেডিসিন	অনুমত্যনুসারে সাক্ষাৎ	২য় রবিবার
স্নায়ু ও মানসিক রোগ (নিউরো সাইকিয়াট্রি)		
ডাঃ রূপক কুমার সাহা, এম.বি.বি.এস. (কোল), এম.ডি., (সাইকিয়াট্রি)	মাসে একদিন	—
ডাঃ পি. কে. সাহা, এম.ডি. (নিউরো সাইকিয়াট্রি)	মাসে একদিন	—
ডাঃ অনিন্দ্য কুমার রায়, এম.ডি. (নিউরো সাইকিয়াট্রি)	—	১ম বৃহস্পতিবার
ডাঃ সান্তারুল হক, এম.ডি. (সাইকিয়াট্রি)	—	প্রত্যেক মঙ্গলবার
নিউরো সার্জারি		
ডাঃ সমির সাহা, এম.বি.বি.এস., এম.সি.এইচ. (নিউরো সার্জারী)	—	প্রতিদিন
ডাঃ ইন্দ্রজিৎ রানা, ডি.এন.বি. (সার্জারী), ডি.এন.বি. (নিউরো সার্জারী)	প্রত্যেক শুক্র	—
চক্ষু রোগ বিশেষজ্ঞ (অফথালমোলজিস্ট)		
ডাঃ (মিসেস) সোনম প্রামাণিক (তলোয়ার), এম.এস. (অপ্থালমোলজিস্ট)	প্রতিদিন	—
অস্থিরোগ ও শল্য চিকিৎসা (অর্থপেডিক)		
ডাঃ জি. জি. কর, এম.এস., (অর্থো)	মাসে দুইদিন	—
ডাঃ তাপস কুমার বনিক, এম.বি.বি.এস. (অর্থোপেডিক সার্জেন)	—	প্রতিদিন
ডাঃ সুভাশিষ রঞ্জন মিত্র, এম.এস. (অর্থো)	সোম ও মঙ্গল	—
শিশু রোগ বিশেষজ্ঞ (চাইল্ড স্পেশালিস্ট)		
ডাঃ দীপান্বিতা সাহা, এম.বি.বি.এস., এম.ডি. (পেডিয়াট্রিকস)	—	সোম থেকে শনি
ফুসফুস এবং অ্যালার্জিজনিত শ্বাস-প্রশ্বাস সম্বন্ধীয়		
ডাঃ শৈবাল মৈত্র, এম.ডি. (রেস, মেড), এফ.সি.সি.পি. (ইউ.এস.এ.)	৪র্থ রবিবার	—

আউটডোর চিকিৎসকদের তালিকা

	দিশারী হেলথ্ পয়েন্ট	দিশারী পলিক্লিনিক
ফুসফুস বা শ্বাস-প্রশ্বাস সম্বন্ধীয় (রেসপিরেটরি মেডিসিন)		
ডাঃ মহঃ ইকবাল হাসান, এম.বি.বি.এস., এম.ডি. (রেস. মেড)	বুধ থেকে শনি	—
ডাঃ (শ্রীমতি) এস. উন্নিথান (রায়), এম.ডি. (রেস. মেড)	অনুমত্যনুসারে সাক্ষাৎ	—
ফিজিসিয়ান		
ডাঃ মোহঃ জাহাঙ্গীর গাজী, এম.বি.বি.এস., এম.ডি. (ক্রিটিকাল কেয়ার ও মেডিসিন)	মঙ্গল থেকে শনি	প্রতিদিন
ডাঃ মধুরিমা সাহা, এম.বি.বি.এস., এম.ডি. (ক্রিটিকাল কেয়ার পেইন মেডিসিন)	বুধ থেকে শনি	—
ডাঃ কাকলি ঘোষ, এম.বি.বি.এস., এম.ডি. (মেডিসিন)	—	সোম থেকে শনি
ডাঃ সন্দীপ আগরওয়ালা, এম.বি.বি.এস., ফেলোসিপ ইন্ নেফ্রোলজি	প্রতিদিন	—
ডাঃ তাপস সরকার, এম.বি.বি.এস.	সোম থেকে শনি	অনুমত্যনুসারে সাক্ষাৎ
ডাঃ মানালী সাহা, এম.ডি.	সোম থেকে শনি	প্রতিদিন
ডাঃ জামিরুল ইসলাম, এম.ডি. (মেডিসিন)	—	প্রতিদিন
বাত, ব্যথা (রিউম্যাটলজি)		
প্রফেঃ (ডাঃ) জে. রায়, এম.ডি., ডি.এন.বি. (রিউ)	—	২য় রবি ও ৪র্থ শুক্র
চর্ম রোগ বিশেষজ্ঞ (স্কিন স্পেশালিস্ট)		
ডাঃ বিথীকা লোধ, এম.ডি. (স্কিন)	—	সোম, শুক্র, শনি
ডাঃ সুরভি শর্মা, এম.ডি. (স্কিন)	—	মাসে একদিন
মূত্রথলী ও মূত্রনালী শল্য চিকিৎসা (ইউরোলজি)		
ডাঃ প্রসূন প্রামাণিক, এম.এস., এম.সি.এইচ. (ইউরো)	প্রতিদিন	—
নিউট্রিশন (ডায়েট)		
শ্রীমতি পিয়ালী রায় লালা, বি.এস.সি., এম.এস.সি., ডায়াটেসিয়ান	প্রতিদিন	—
ফিজিওথেরাপি		
ডাঃ আবরার আলম, (পি.টি.), এম.পি.টি. (অর্থো), চিরোপ্রাকটিস চিকিৎসা বিশেষজ্ঞ	—	বুধবার ও শনিবার
শ্রী শুভদীপ বেরা, বি.পি.টি., এম.পি.টি.	সোম থেকে শনি	—

আমাদের ডায়াগনস্টিক সুবিধা ঃ—

- প্যাথলজি ও মাইক্রোবায়োলজি ঃ হিস্টোপ্যাথলজি, সাইটোলজি, বোন - ম্যারো স্টাডি, ট্রেফাইন বায়োপসি সহ সমস্ত প্যাথলজিক্যাল ও মাইক্রোবায়োজিক্যাল পরীক্ষা।
- আল্ট্রাসাউন্ড এবং ইমেজিং ঃ **MRI 1.5 T with In-Bore facility, CT Scan, 4D** কালার ডপলার আল্ট্রা সোনোগ্রাফি, পেরিফেরাল ভাস্কুলার স্টাডি, **Digital** এক্স-রে।
- গ্যাস্ট্রোএন্টারোলজি ঃ এন্ডোস্কোপি, কোলোনোস্কপি (ডায়াগনস্টিক এবং থেরাপিউটিক), **ERCP** (ডায়াগনস্টিক এবং থেরাপিউটিক), **MRCP** এন্ডোস্কোপিক ভেরিসিয়াল লিগেশন (**EVL**), ফাইবার অপটিক ল্যারিঙ্গোস্কোপি (**FOL**), পলিপেক্টমি।
- কার্ডিওলজি ঃ কালার ডপলার স্টাডি সহ ইকো-কার্ডিওগ্রাফি, **ECG** (ডিজিটাল), **TMT** (ডিজিটাল), হোল্টার মনিটর (ডিজিটাল), ২৪ ঘন্টার ব্লাড প্রেসার মনিটরিং।
- ইউরোলজি ঃ ইউরোডাইনামিক স্টাডি, ইউরোফ্লোমেট্রি **Lithotripsy (Therapeutic)** ● নিউরোলজি ঃ **EEG, EMG** এবং **NCV** (সমস্ত অঙ্গ), **SSEP, VEP, BERA.** ● অ্যালার্জি ও হাঁপানি ঃ স্কিন অ্যান্ড ড্রাগ অ্যালার্জি, স্পাইরোমেট্রি।

দিশারী হেলথ্ পয়েন্ট # 97340 99999 — দিশারী পলিক্লিনিক # 89006 222 22 — দিশারী হেলথ্ পয়েন্ট # 97340 99999

ক্ষুদ্রতর জীব নিয়ে পড়াশোনা করে

গড়ে তুলুন বৃহত্তর উজ্জ্বল ভবিষ্যৎ

এমএসসি মাইক্রোবায়োলজি শুধুমাত্র একটি ডিগ্রি নয়, এটি একটি গেটওয়ে — যেখানে অনুসন্ধান, আবিষ্কার ও উদ্ভাবনের অনন্ত সম্ভাবনা রয়েছে। সঠিক প্রস্তুতি ও দৃষ্টিভঙ্গি থাকলে, এই কোর্স আপনাকে এক অনন্য বৈজ্ঞানিক যাত্রায় নিয়ে যেতে পারে, তা দেশেই হোক বা বিদেশে। রাখতে পারবেন গুরুত্বপূর্ণ অবদানও।

মাইক্রোবায়োলজি হলো এমন একটা শাখা, যেখানে জীবনের সবচেয়ে ক্ষুদ্র অথচ গুরুত্বপূর্ণ রূপ, ব্যাক্টেরিয়া, ভাইরাস, ছত্রাক ও প্রোটোজোয়াদের নিয়ে গবেষণা করা হয়। এই ক্ষুদ্র জীবেরা আমাদের জীবনের সঙ্গে প্রত্যক্ষভাবে জড়িত। চিকিৎসা, কৃষি, পরিবেশ, খাদ্য ও শিল্পে এই অণু জীবদের প্রভাব অপরিসীম। বিজ্ঞানপ্রেমী ছাত্রছাত্রীদের জন্য, বিশেষতঃ যারা জীববিজ্ঞান ও গবেষণায় আগ্রহী, তাদের জন্য মাইক্রোবায়োলজি একটি আকর্ষণীয় ও সম্ভাবনাময় ক্ষেত্র। ভারতে এমএসসি মাইক্রোবায়োলজি কোর্সটি এই বিষয়ে উচ্চতর শিক্ষা ও কেরিয়ারের জন্য দরজা খুলে দেয়।

যোগ্যতা

✪ ভারতের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও শিক্ষা প্রতিষ্ঠানে এমএসসি মাইক্রোবায়োলজি কোর্সে ভর্তির জন্য প্রার্থীকে কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে জীববিজ্ঞান, মাইক্রোবায়োলজি, বায়োটেকনোলজি, বায়োকেমিষ্ট্রি, বা সম্পর্কিত বিষয়ে স্নাতক বা বিএসসি ডিগ্রি থাকা আবশ্যক। অধিকাংশ প্রতিষ্ঠানে ভর্তির জন্য অন্ততঃ ৫০-৬০ শতাংশ নম্বর থাকা বাধ্যতামূলক। দেশের বিখ্যাত কিছু প্রতিষ্ঠানে নিজস্ব প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে ভর্তি করে থাকে।

সিলেবাস

এমএসসি মাইক্রোবায়োলজির পাঠ্যক্রম সাধারণতঃ দুই বছরের, চারটি সেমিস্টারে বিভক্ত। গুরুত্বপূর্ণ বিষয়গুলি হল —

✪ জেনারলে মাইক্রোবায়োলজি মাইক্রোবায়োলজির ইতিহাস, মাইক্রোবসের শ্রেণিবিন্যাস।

✪ মাইক্রোবিয়াল ফিজিওলজি অ্যান্ড জেনেটিক্স কোষ বিভাজন, বিপাক প্রক্রিয়া, জিন সংক্রান্ত গঠন ও কাজ।

✪ ইমিউনোলজি মানব শরীরের প্রতিরোধ ব্যবস্থা, ভ্যাকসিনেশন, অটোইমিউন ডিজিজ।

✪ মেডিক্যাল মাইক্রোবায়োলজি প্যাথোজেনিক অণুজীব,সংক্রামক রোগ, রোগ নির্ণয় পদ্ধতি।

✪ এনভায়রনমেন্টাল অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল মাইক্রোবায়োলজি জৈবচর্চা, দূষণ নিয়ন্ত্রণ, বর্জ্য ব্যবস্থাপনা।

✪ ফুড অ্যান্ড এগ্রিকালচার খাদ্যে সংক্রমণ, খাদ্য সংরক্ষণ, জৈব সার উৎপাদন।

✪ প্র্যাকটিকাল ওয়ার্ক ল্যাবরেটরি ট্রেনিং, রিসার্চ প্রজেক্ট, অ্যানালিসিস ও থিসিস সাবমিশন।

✪ হাসপাতাল ও ক্লিনিক্যাল ডায়গনস্টিক ল্যাব।

মাইক্রোবায়োলজিস্ট বা ল্যাব ম্যানেজার।

✪ **ফার্মাসিউটিক্যাল কোম্পানি**

ওষুধ কোম্পানিগুলিতে কোয়ালিটি কন্ট্রোল, রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট, উৎপাদন এবং বিপণন বিভাগে চাকরি।

✪ বায়োটেক কোম্পানি প্রোডাক্ট ডেভেলপমেন্ট, বায়ো ইনফরমেটিক্স।

✪ সরকারি সংস্থা বা এনজিও বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হু), আইসিএমআর, ডিবিটি, এফএও ইত্যাদি সংস্থায় গবেষণা ও নীতিনির্ধারক পদে সুযোগ।

✪ ফুড অ্যান্ড বেভারেজ ইন্ডাস্ট্রি ফুড সেফটি অফিসার, কোয়ালিটি অ্যানালিস্ট হিসাবে খাদ্য প্রক্রিয়াকরণ এবং মান নিয়ন্ত্রণ বিভাগে কাজ।

✪ স্বাস্থ্যসেবা ক্লিনিকাল ডেটা ম্যানেজার, ক্লিনিক্যাল রিসার্চ অ্যাসোসিয়েট, মেডিকেল রাইটার, বা বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ার হিসাবে কাজ রয়েছে।

✪ কৃষি বীজ উৎপাদন, উদ্ভিদ প্রজনন এবং কৃষি রাসায়নিক কোম্পানিগুলিতে কাজ করার সুযোগ।

✪ পরিবেশ বিজ্ঞান দূষণ নিয়ন্ত্রণ, বর্জ্য ব্যবস্থাপনা, এবং পরিবেশ সুরক্ষার জন্য সরকারি ও বেসরকারি সংস্থাগুলিতে প্রচুর চাকরির সুযোগ রয়েছে।

✪ ফুড টেকনোলজি খাদ্য প্রক্রিয়াকরণ এবং মান নিয়ন্ত্রণ বিভাগে কাজ করা যেতে পারে। এছাড়া বায়োটেক অ্যানালিস্ট, বায়োকেমিস্ট, এপিডেমোলজিস্ট, বায়োইনফরমেটিক্স স্পেশালিস্ট, জেনেটিক কাউন্সেলার, এনভায়রনমেন্টাল বায়োটেকনোলজিস্ট, ক্লিনিক্যাল রিসার্চ অ্যাসোসিয়েট হিসেবে নানা ক্ষেত্রে কাজের সুযোগ ও ডিগ্রিধারীদের চাহিদা বাড়ছে। মাইক্রোবায়োলজি বিজ্ঞানের বিস্তৃত পরিসরে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। পরিবেশ, স্বাস্থ্য, খাদ্য, শিল্প' ও গবেষণায় মাইক্রোবায়োলজিস্টদের ভূমিকা ও চাহিদা ক্রমাগত বাড়ছে। ভারতে এমএসসি বায়োটেকনোলজি উত্তীর্ণদের গড় বেতন বছরে তিন থেকে পাঁচ লক্ষ টাকা থেকে শুরু হতে পারে। তবে অভিজ্ঞতা, দক্ষতা এবং সংশ্লিষ্ট সংস্থার উপর নির্ভর করে বেতনের পরিমাণ।

উচ্চশিক্ষার সুযোগ

গবেষণা ও উচ্চতর শিক্ষাগত যোগ্যতার জন্য এমএসসি মাইক্রোবায়োলজির পর উচ্চশিক্ষার বিভিন্ন দিক খোলা রয়েছে।

✪ পিএইচডি সিএসআইআর ইউজিসি এনইটি, জিএটিই, ডিবিটি-বিইটি, আইসিএমআর ইত্যাদি স্কলারশিপ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের কোনও বিশ্ববিদ্যালয় বা গবেষণা প্রতিষ্ঠানে পিএইচডি করা যায়।

✪ বিদেশে উচ্চশিক্ষা মার্কিন যুক্তরাষ্ট্র, ব্রিটেন, জার্মানি, কানাডা, অস্ট্রেলিয়া ইত্যাদি দেশে মাইক্রোবায়োলজি, ইনফেকশাস ডিজিজ, জেনেটিক্স বা বায়োমেডিক্যাল সায়েন্সের উপর গবেষণা ও পিএইচডি করার সুযোগ রয়েছে। অনেক দেশেই ফুল ফান্ডেড স্কলারশিপ পাওয়া যায়। যেমন ফুলব্রাইট, ডিএএডি, ইরাসমাস মুন্ডাস, শেভেনিং ইত্যাদি।

✪ পোস্ট ডক্টরাল রিসার্চ পিএইচডি শেষে ভারত ও বিদেশে বিভিন্ন গবেষণা কেন্দ্রে পোস্ট ডক্টরাল রিসার্চের মাধ্যমে উন্নত কেরিয়ার গড়ার সুযোগ থাকে।

কেরিয়ারে সম্ভাবনা

মাইক্রোবায়োলজির মতো অ্যাপ্লায়েড সায়েন্সের কেরিয়ারের ক্ষেত্রও খুবই বিস্তৃত এবং বৈচিত্র্যময়।

✪ **রিসার্চ ও অ্যাকাডেমিয়া**

গবেষণা বিজ্ঞানী, প্রজেক্ট অ্যাসিস্ট্যান্ট বা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক হিসাবে কর্মসংস্থানের সুযোগ।

স্বাধীন ভারতে মালদার অন্তর্ভুক্তি ১৮ আগস্ট

এই আমাদের ভারতবর্ষ। পৃথিবীর সবচেয়ে ধনী দেশ, মানে কোনো এক কালে ছিল আর কি! ইতিহাস বলে, এদেশের ঐশ্বর্যের টানে ছুটে এসেছিল একের পর এক বিদেশী শক্তি, তো ইংরেজরাই বা বাদ থাকে কেন ? ইষ্ট ইন্ডিয়া কোম্পানীর হাত ধরে এদেশে প্রতিষ্ঠিত হলো ব্রিটিশ সরকার। চ লে শোষণ-শাষন-নিপীড়ন। পলাশির যুদ্ধের পর ড্রেন অফ ওয়েলথ, নীল চাষ, বিপুল পরিমাণে রাজস্ব আসার এসব কমবেশি প্রায়স সবারই জানা। স্বাধীনতা সংগ্রামীদের বহু আন্দোলনে, রক্তক্ষয়ী লড়াই ও অগণিত প্রাণের বিনিময়ে অবশেষে পতন ঘটে প্রায় দুশো বছরের ব্রিটিশ রাজত্বের। ১৯৪৭ সালের ১৪-ই আগষ্ট, ভারত ভেঙে জন্ম নিলো দুষ্টু-মিষ্টি পাকিস্তান। ১৯৪৭ সালের ১৫ই আগস্ট স্বাধীন হলো ভারতবর্ষ। কিন্তু ভারতের বহু আকাঙ্ক্ষিত স্বাধীনতা লাভের অধ্যায়টি ততোটাও সুখকর ছিল না, অন্ততঃ আমাদের মতো মালদাবাসীর জন্য। ধর্মের কাঠে টুকরো করা হয়েছিল ভারতবর্ষকে। গঠিত হয় পাকিস্তান ও পূর্ব পাকিস্তান অর্থাৎ আজকের বাংলাদেশী এবং ভারতীয় যুক্তরাষ্ট্র। এই সময় শুধু ভারতবর্ষই ভাগ হয়নি, ভাগ হয়েছিল পাঞ্জাব ও বাংলাও। পাঞ্জাবের একাংশ পরে পাকিস্তানের দখলে এবং বাংলার এক ভাগ যায় পূর্ব পাকিস্তানের অধীনে। আর এই বিভাজনের শিকার হয়েছিল আমাদের মালদা। ১৯৪৭ সালের ১৫ই আগষ্টের আগে ও পরের কয়েকদিন মিলে এক ভয়ঙ্কর পরিস্থিতির সৃষ্টি হয়েছিল মালদহ জেলায়। যে সময় অবিভক্ত মালদহ জেলার ডি. এম. ছিলেন জ্ঞান সিং কাহলোন। ১৫ই আগষ্টের আগেই দেশ বিভাজন সম্বন্ধীয় রায় ঘোষিত হয়। কিন্তু বঙ্গীয় সীমানা কমিশনের চেয়ারম্যান স্যার সিরিল র‍্যাডক্লিফ রোয়েদাদের যেই রায়ের মধ্যে স্পষ্ট লেখা ছিল না যে, মালদহ ভারতে পরবে। সুস্পষ্ট নির্দেশ না আষায়, ১২ থেকে ১৫ই আগষ্ট পর্যন্ত সমগ্র মালদহ জেলা পূর্ব পাকিস্তানের অধীনে ছিল। মালদহ জেলা পূর্ব পাকিস্তানের মধ্যে পরেছে, এমন সংবাদ প্রচার হওয়ার সাথে সাথে সাব ডেপুটি আবদুল করীম চৌধুরীকে মালদহ ট্রেজারির চার্জ বুঝিয়ে দেওয়া হয়। ১৪ই আগষ্ট সদ্যোজাত পাকিস্তানের স্বাধীনতা দিবসে তিনি মালদহের কালেক্টরেটের মাস্তুলে পাকিস্তানের জাতীয় পতাকা তুলে ফেলেন। এর ফলে মালদহ জেলা জুড়ে অশান্ত পরিবেশের সৃষ্টি হয় এবং ভীষণ আতঙ্কের মধ্য দিয়ে দিন কাটায় মালদহবাসীরা। অবশেষে উভয় পক্ষের চুক্তি অনুসারে ১৭ই আগষ্ট সীমানা কমিশনের পাকাপাকি সিদ্ধান্ত বিস্তারিত ভাবে ঘোষিত হয়। ব্রিটিশ সরকারের ৩ রা জুনের পরিকল্পনায় ভারত ও পাকিস্তানের যে আনুমানিক সীমানা নির্দিষ্ট হয়েছিল, এবার যে সম্পর্কে সুস্পষ্ট বিজ্ঞপ্তি প্রকাশিত হলো। এই বিভাগের ফলে মালদহ জেলার ১৫ টি থানার মধ্যে ১০ টি থানা ভারতবর্ষের অন্তর্গত পশ্চিমবঙ্গের ভাগে পরে ও নতুন ভাবে গঠিত হয় মালদহ জেলা, এবং শিবগঞ্জ, নবাবগঞ্জ, ভোলাহাট, নাচে াল ও গোমস্তাপুর এই পাঁচটি থানা পরে পূর্ব পাকিস্তানের রাজসাহী জেলার অন্তর্গত করা হয়। এই হাত বদলের ফলে যে বিশৃঙ্খল পরিস্থিতির সৃষ্টি হয়, তা উপেক্ষা করেই ১৯৪৭ সালের ১৮ই আগস্ট, তৎকালীন পাবনা জেলার এ. ডি. এম. মঙ্গল আচার্য মালদহ জেলার কালেক্ট -রেটের মাস্তুল থেকে পাকিস্তানের ফ্ল্যাগ নামিয়ে ঐ মাস্তুলেই ভারতের পতাকা উত্তোলনের কাজ সুষম্পন্ন করেন। এক সংবাদ মাধ্যমের সামনে তৎকালীন পরিস্থিতি ব্যক্ত করে গেছেন সেই সময়ের সাক্ষী তথা ঐতিহাসিক কমল বসাক। এভাবেই পূর্ব পাকিস্তানের হাতে চ লে যাওয়া আমাদের মালদাকে আবার ফিরে পায় ভারতবর্ষ। বিশ্বের বৃহত্তম গণতান্ত্রিক রাষ্ট্র ভারতবর্ষ, আজকের পৃথিবীর প্রাচীনতম সভ্যতা। রবীন্দ্রনাথ-সত্যজিৎ-মাদার টেরিজা- জগদীশ-নেতাজী-স্বামীজি -লতা মঙ্গেশকর-শচিন তেন্ডুলকর-তাজমহল থেকে বিশ্বকাপ -নোবেল থেকে অঙ্কার-হিমালয় থেকে কন্যাকুমারীকা- বৈচিত্র্যের মধ্যে ঐক্য - কত কি নিয়ে গর্ব আমাদের পরিচ য়ে আজ আমরা ভারতীয় আর গর্বের সাথে বলি — ভাগ্যিস সেই ১৮ই আগষ্ট ছিল, নইলে আজ আমরা কি করতাম? ১৮ই আগষ্ট, আমাদের মালদাবাসীর কাছে হয়তো ক্যালেন্ডারের পাতার সবচেয়ে গুরুত্বপূর্ণ দিন, বলতো পারো মালদার স্বাধীনতা দিবস। অনেক কিছুর বিনিময়ে ইতিহাসের পাতায় আসে এই দিনটি। কিন্তু স্বাধীনতা লাভের প্রায় ৭০ বছর পার হয়ে গেলেও, এখনও অবধি ১৮ই আগষ্টের তাৎপর্য জানে না অধিাংশ মালদাবাসীই। আধুনিকতা ও ব্যস্ততার স্রোতে আমরা গা ভাষিয়ে দিলেও, ১৮ই আগষ্টকে স্মৃতিতে বাঁচি য়ে রেখেছেন হাতে গোনা কিছু মানুষ। কিন্তু আমাদের দীর্ঘ দিনের উদাসীনতা ও অবহেলায় আজ প্রায় হারিয়ে যাওয়ার পথে এই ঐতিহাসিক দিনটি। আমরা কি পারি না, উদযাপনের মাধ্যমে ১৮ই আগস্টকে তার গৌরব ফিরিয়ে দিতে? আমাদের পূর্বপুরুষদের ত্যাগ ও সংঘর্ষকে সম্মান জানাতে? আমরাই পারি, আগামী প্রজন্মের সাথে তাদের মাটির ইতিহাষের পরিচয় করতে? কোনো বিশেষ কারণে নয়, শুধুমাত্র মাটির টানে। জানি না, মালদা জেলা প্রশাসন কোনোদিনও উদ্যোগী হবে কিনা এই দিনটিকে পালন করতে কিন্তু আমরা মালদাবাসীরা তো বছরে আরো একবার দেশের জাতীয় পতাকা তুলে ১৮ই আগস্টকে শ্রদ্ধা জানাতেই পারি, তাই না?

অনুলিখন ঃ দেবসীপ দত্ত।

কত অজানারে

✦ ফাইভ-ফোর-থ্রি-টু-ওয়ান স্টার্ট বিখ্যাত এই কাউন্টডাউন পদ্ধতিটি আবিষ্কার করেন জার্মান চিত্র পরিচালক ফ্রিৎজ ল্যাং ১৯২৮ সালে তার (মহিলার চন্দ্রমাত্রা) নামক চলচিত্রে।

✦ বায়ুমন্ডলের জলীয় বাস্প ঘনীভূত হয়ে সৃষ্টি হয় মেঘ ও তা থেকেই বৃষ্টিপাতের সম্ভাবনা তৈরি হয়। বিভিন্ন পরিস্থিতিতে বিভিন্ন ধরনের বৃষ্টিপাত হয়। ভূপৃষ্ঠ উত্তপ্ত হলে ওপরের বায়ুমন্ডল আরও ওপারে ওঠে এবং ক্রমশ শীতল হয়ে যে বৃষ্টি হয় তাকে "পরিচলন বৃষ্টি" বলে। পাহাড় পর্বতে ধাক্কা খেয়ে বায়ু ওপরে ওঠে। তা থেকে যে বৃষ্টি হয় তাকে বলে "শৈলোৎক্ষেপ বৃষ্টি" "ঘূর্ণবাত বৃষ্টি" শুরু হয় যখন বিভিন্ন উচ্চতাবিশিষ্ট ও জলীয়বাষ্প বিশিষ্ট দুরকম বায়ুপ্রবাহ পরস্পর সম্মুখীন হয়। এছাড়া অরণ্যাঞ্চলের বৃষ্টিপাত, মৌসুমি বায়ুপ্রবাহে বৃষ্টিপাত ইত্যাদি নানা পরিবেশেও বিভিন্ন বৃষ্টিপাতের সম্ভাবনা থাকে।

✦ বাংলার মিষ্টি বলতে ছিল দই-ক্ষীর-মন্ডা। মুসলিম শাসকরা এখানে আসার পর ময়দা, সুজি, বেসন, চালগুঁড়ো, মুগডাল ইত্যাদি নানা ধরণের শস্যচূর্ণকে চিনি ঘি দুধে জ্বাল দিয়ে একটা নতুন ধরণের মিষ্টির ধারা চালু হয়।

✦ প্রতি মুহূর্তে পৃথিবীর কোথাও-ক্ষ্ম না-কোথাও বজ্র বিদ্যুৎ সহ ঝড় হচ্ছে এবং প্রতি সেকেন্ডে অন্তত ১০০ বার বিদ্যুতের চমক দেখা যাচ্ছে।

✦ দিনের চেয়ে রাতে মেঘেরা বেশি নীচে নেমে আসে।

✦ বর্ষাকালে জলদ-মেঘে গড়ে প্রায় ৯০ হাজার থেকে ১ লক্ষ টন জল মজুত থকে।

MMC Malda
ISO 9001 : 2015 & NABH Certified Hospital

সুপার স্পেশালিষ্ট বহিঃ বিভাগের ডাক্তারদের তালিকা

SPECIALIST	DOCTORS NAME	AVAILABILITY
গ্যাস্ট্রোএন্ট্রোলজিস্ট	ডাঃ নিরাজ আগরওয়ালা এম.ডি, ডি.এম. (গ্যাস্ট্রো)	প্রতিদিন (রবিবার বাদে)
গ্যাস্ট্রো সার্জেন	ডাঃ সন্দীপ ইয়েলেটি ডি এন বি, এফ এম এ এস	মাসে একবার
নিউরো ফিজিসিয়ান	ডাঃ কৌশিক কর্মকার এম.ডি, ডি.এম পি.ডি.টি (নিউরো)	মাসে একবার
নিউরো সার্জেন	ডাঃ শাহিক ইমরান আলি এম.বি.বি.এস, ডি.এন.বি, এম.সি.এইচ, (নিউরো)	মাসে একবার
	ডাঃ অশোক কু. আচার্য্য এম.এস, এম.সি.এইচ (নিউরো)	প্রতি মঙ্গল ও বুধবার
ইনফার্টিলিটি ক্লিনিক	ডাঃ সুপর্ণা ব্যানার্জী ডি.জি.ও, এম.ডি, এম.আর.সি.ও.জি	21.08.2025
ইউরোলজিস্ট ও সার্জেন	ডাঃ ইসফাক আহমেদ গিলানী এম.এস, এম.আর.সি.এস, ডি.এন.বি	27.08.2025
	ডাঃ কুন্তল পন্ডিত এম.এস, ডি.এন.বি (ইউরো)	19.08.2025
চক্ষুরোগ বিশেষজ্ঞ ও সার্জেন	ডাঃ আঁচল আগরওয়াল এম.বি.বি.এস, ডি.ও (আর আই ও, কোল)	প্রতিদিন
পেডিয়াট্রিক হেমাটোলজিস্ট	ডাঃ স্নেহা আগরওয়ালা এম.ডি. (পি.এ.ই.ডি), এফ.এন.বি	মাসে একবার

২৪×৭ নার্সিং হোম পরিষেবা ও ৩৬৫ দিন ডায়াগনস্টিক ও ও.পি.ডি

TPA / ক্যাসলেশ ইন্স্যুরেন্স / প্যাকেজের সুবিধা

মালদা মেডিক্যাল সেন্টার প্রাঃ লিঃ
কে. জে. সান্যাল রোড, মকদুমপুর, মালদা - ৭৩২১০৩
8170007650 / 9434052889
Find us www.mmchospitals.com

MMC SKIN INSTITUTE
এমএমসি স্কিন ইন্সটিটিউট
লেজার | স্কিন | হেয়ার | নেল | কসমেটিক

চর্ম, চুল এবং নখের সমস্ত চিকিৎসা
চর্ম, চুল এবং নখের যেকোনো সমস্যার চিকিৎসা, স্কিন বায়োপসি ও সমস্ত পরীক্ষা-নিরীক্ষা আধুনিক মেশিনের সাহায্যে করা হয়।

লেজার চিকিৎসা
হেয়ার রিমুভ্যাল, স্কার রিমুভ্যাল, ট্যাটু রিমুভ্যাল, ট্যান রিমুভ্যাল, তিল, আঁচিল অপসারণ ও সব ধরনের লেজার চিকিৎসা।

স্কিন কেয়ার / থেরাপি
কেমিক্যাল পিল, MNRF (এম.এন.আর.এফ), সোরাইশিস ও একজিমা ক্লিনিক।

হেয়ার ট্রিটমেন্ট
অতিরিক্ত চুল পড়া, অল্প বয়সে মাথায় টাক প্রভৃতি সমস্যার সমাধান, পি.আর.পি ও হেয়ার ট্রান্সপ্ল্যান্টেশন করা হয়।

সার্জারি
স্কিন ও নখের সার্জারি, শ্বেতী চিকিৎসা ও গ্রাফ্ট সার্জারি করা হয়।

আগে পরে

ডাঃ নিশান্ত আগরওয়ালা
এম.ডি (স্কিন), গোল্ড মেডালিস্ট
রুগী দেখছেন - সকাল ১০.৩০ টা থেকে দুপুর ১.৩০ টা (প্রতিদিন) সন্ধ্যা ৬.০০ টা থেকে ৭.৩০ টা (বৃহস্পতি ও রবিবার বাদে)
97499 97231 / 81700 81960 | www.drnishantagarwala.com